**নিউ ইয়র্ক সিটি মানবসম্পদ প্রশাসন (NEW YORK CITY HUMAN RESOURCES ADMINISTRATION)**

**প্রকাশ্য শুনানির বিজ্ঞপ্তি এবং প্রস্তাবিত নিয়ম সম্পর্কে মতামত দেওয়ার সুযোগ**

**আমরা কী প্রস্তাব রাখছি?** নিউ ইয়র্ক সিটি মানবসম্পদ প্রশাসন (New York City Human Resources Administration, HRA) সিটি অব নিউ ইয়র্কের নিয়মাবলীর শিরোনাম 68 সংশোধনের প্রস্তাব করছে। প্রস্তাবিত সংশোধনগুলির মধ্যে রয়েছে CityFHEPS অ্যাপার্টমেন্ট ও একশয্যার কক্ষগুলিকে নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority) দ্বারা গৃহীত ধারা 8 এর মান অনুসারে রেখে সেগুলির সর্বাধিক ভাড়া অবিলম্বে বাড়ানো। HRA CityFHEPS এর একটি প্রকল্পভিত্তিক সংস্করণও প্রতিষ্ঠা করার প্রস্তাব করছে যা পরিবারগুলিকে সিটির সঙ্গে চুক্তিবদ্ধ স্বেচ্ছাসেবী সংস্থা পরিচালিত স্থায়ী আবাসনে স্থানান্তরিত হওয়ার জন্য দীর্ঘমেয়াদী ভাড়া সহায়তা প্রদান করতে সিটিকে সক্ষম করবে। প্রস্তাবিত সংশোধনীগুলির মধ্যে রয়েছে বর্তমানে বিলুপ্ত হয়ে যাওয়া ভাড়া সহায়তা কার্যক্রমগুলি পরিচালনাকারী অচল অধ্যায় ও উপ-অধ্যায়গুলিকে মুছে ফেলা; LINC VI, CityFHEPS ও পাথওয়ে হোম (Pathway Home) কার্যক্রম পরিচালনাকারী অধ্যায়গুলিকে সংশোধন করা; এবং অন্যান্য বিধিতে শৈলী ও প্রযুক্তিগত বদল নিয়ে আসা।

**শুনানি কখন ও কোথায় হতে চলেছে?** প্রকাশ্য শুনানি সোমবার, 30 অগাস্ট 2021 তারিখ সকাল 10:00টায় জুম (Zoom) মারফত অনুষ্ঠিত হবে। যারা যোগ দিতে চান তারা এর মাধ্যমে যোগ দিতে পারেন:

**Zoom (ভিডিও ও অডিও):**

https://us02web.zoom.us/j/87610815906

অথবা www.zoom.us -এ যান, “join a meeting”-এ ক্লিক করুন ও মিটিং আইডি (Meeting ID) লিখুন: 876 1081 5906

**ফোন (কেবলমাত্র অডিও):**

(646) 876-9923. অনুরোধ করা হলে মিটিং আইডি লিখুন: 876 1081 5906

ওয়ান ট্যাপ মোবাইল নং: +16468769923,87610815906#

**প্রস্তাবিত নিয়মাবলী নিয়ে আমি কীভাবে মতামত দেবো?** প্রস্তাবিত নিয়মাবলী নিয়ে যে কেউ এইভাবে মতামত দিতে পারবেন:

- **ওয়েবসাইটে।** আপনি এখানে NYC নিয়মাবলীর ওয়েবসাইটের মাধ্যমে HRA এর কাছে মতামত জানাতে পারবেন http://rules.cityofnewyork.us**।**
- **ইমেল।** আপনি NYCRules@hra.nyc.gov -এ মতামত জানিয়ে ইমেল করতে পারেন। অনুগ্রহ করে আপনার বিষয়ের লাইনে “ভাড়া সহায়তা সংশোধনীসমূহ (Rental assistance amendments)” কথাটি লিখুন।
- **ডাকযোগে।** আপনি আপনার মতামত এই ঠিকানায় ডাকযোগে পাঠাতে পারেন:

HRA Rules
c/o Office of Legal Affairs
150 Greenwich Street, 38th Floor
New York, NY 10007

অনুগ্রহ করে এটা স্পষ্ট করে দিন যে আপনি ভাড়া সহায়তার সংশোধিত নিয়মাবলী নিয়ে মতামত জানাচ্ছেন।

- **ফ্যাক্স।** আপনার মতামত 917-639-0413 নম্বরে ফ্যাক্স করতে পারেন। অনুগ্রহ করে আপনার বিষয়ের লাইনে "ভাড়া সহায়তা সংশোধনীসমূহ (Rental assistance amendments)" কথাটি লিখুন।

- **শুনানিতে বক্তব্য জানিয়ে।** আপনি 929-221-7220 নম্বরে ফোন করে অথবা NYCRules@hra.nyc.gov -এ ইমেল করে 30 অগাস্ট, 2021 তারিখে বা তার আগে বক্তব্য প্রকাশের জন্য সাইন আপ করতে পারেন। বক্তাদের সাইন আপ করার ক্রমে ডাকা হবে এবং তারা তিন মিনিট করে কথা বলতে পারবেন।

**মতামত জমা দেওয়ার কোনও সময়সীমা আছে কি?** লিখিত মন্তব্য জমা দেওয়ার সময়সীমা হল 30 অগাস্ট, 2021 তারিখের মধ্যরাত। ডাকযোগে পাঠানো সহ মতামতগুলি HRA এর কাছে 30 অগাস্ট, 2021 তারিখে বা তার আগে পৌঁছনো আবশ্যক।

**শুনানিতে অংশগ্রহণ করতে আমার সহায়তার প্রয়োজন হলে কী হবে?** শুনানিতে অংশগ্রহণ করতে আপনার কোনও দোভাষী পরিষেবার বা প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থার প্রয়োজন হলে আপনার তা আমাদেরকে জানানো আবশ্যক। আপনি আমাদেরকে NYCRules@HRA.nyc.gov -এ ইমেল করে জানাতে পারেন। আপনি আমাদেরকে 929-221-7220 নম্বরে টেলিফোন করেও তা জানাতে পারেন। ব্যবস্থা করার জন্য যথেষ্ট সময় দিতে আগাম বিজ্ঞপ্তি দেওয়ার অনুরোধ করা হচ্ছে। অনুগ্রহ করে 23 আগস্ট, 2021 তারিখের মধ্যে আমাদের জানান।

**প্রস্তাবিত নিয়মাবলী সম্পর্কে জানানো মতামত কি আমি পর্যালোচনা করতে পারবো?** আপনি http://rules.cityofnewyork.us/ ওয়েবসাইটে গিয়ে প্রস্তাবিত নিয়মাবলী সম্পর্কে জানানো মতামত অনলাইনে পর্যালোচনা করতে পারবেন। শুনানি হয়ে যাওয়ার কয়েকদিন পর প্রস্তাবিত নিয়ম সম্পর্কে অনলাইনে জমা দেওয়া যাবতীয় মতামতের প্রতিলিপি, লিখে জানানো যাবতীয় মতামতের প্রতিলিপি এবং প্রকাশ্য শুনানির সময় মৌখিকভাবে জানানো মতামতের একটি সারসংক্ষেপ HRA এর ওয়েবসাইটে জনসাধারণের দেখার জন্য রাখা হবে।

**এই নিয়ম তৈরির জন্য HRA এর কাছে কার অনুমোদন রয়েছে?** সিটি চার্টার (City Charter) এর ধারা 603 ও 1043 এবং নিউ ইয়র্ক সামাজিক পরিষেবা আইন (New York Social Services Law) এর ধারা 34, 56, 61, 62, 77 ও 131-a HRA-কে প্রস্তাবিত আইন তৈরির অনুমোদন দিয়েছে।

**আমি কোথা থেকে HRA এর নিয়মাবলী জানতে পারব?** HRA এর নিয়মাবলী সিটি অব নিউ ইয়র্কের নিয়মাবলীর শিরোনাম 68-এ রয়েছে।

**প্রস্তাবিত নিয়মটি কি HRA এর নিয়ামক বিষয়সূচির মধ্যে রয়েছে?** হ্যাঁ।

**কোন আইনগুলি নিয়ম তৈরির প্রক্রিয়াকে নিয়ন্ত্রণ করে?** নিয়ম তৈরির বা পরিবর্তনের সময় HRA এর সিটি চার্টারের 1043 ধারার প্রয়োজনীয়তাগুলি মেনে চলা আবশ্যক। এই বিজ্ঞপ্তিটি সিটি চার্টারের ধারা 1043 এর প্রয়োজনীয়তাগুলি অনুসারে তৈরি করা হয়েছে।

## নিউ ইয়র্ক সিটি মানবসম্পদ প্রশাসন (NEW YORK CITY HUMAN RESOURCES ADMINISTRATION)

## প্রস্তাবিত নিয়মের ভিত্তি ও উদ্দেশ্য সম্পর্কিত বিবৃতি

সিটির প্রশাসনিক আইন (Administrative Code) বাস্তবায়িত করতে HRA এটি প্রদান করে অ্যাপার্টমেন্ট ও একশয্যার কক্ষগুলির সর্বাধিক ভাড়া বাড়ানোর প্রস্তাব করছে যে HRA যুক্তরাষ্ট্রীয় নিয়মাবলীর আইনের (Code of

Federal Regulations) শিরোনাম 24 এর ধারা 982.503 অনুসারে সেই প্রমাণ মানের সর্বাধিক ভাড়া স্থির করবে যা নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ যুক্তরাষ্ট্রীয় আইন অনুসারে নিউ ইয়র্ক সিটিতে ধারা 8 এর কার্যক্রম পরিচালনার জন্য গ্রহণ করেছে। সিটির প্রশাসনিক আইনের সংশোধনীগুলি ডিসেম্বর 2021 থেকে কার্যকর হবে। HRA অবিলম্বে সর্বাধিক ভাড়া বাড়িয়ে CityFHEPS এর উপর তার বিবেচনামূলক কর্তৃত্ব প্রয়োগের প্রস্তাব করছে।

HRA CityFHEPS এর একটি প্রকল্পভিত্তিক সংস্করণও প্রতিষ্ঠা করার প্রস্তাব করছে যা পরিবারগুলিকে সিটির সঙ্গে চুক্তিবদ্ধ স্বেচ্ছাসেবী সংস্থা পরিচালিত স্থায়ী আবাসনে স্থানান্তরিত হওয়ার জন্য দীর্ঘমেয়াদী ভাড়া সহায়তা প্রদান করতে সিটিকে সক্ষম করবে।

<u>পটভূমি:</u>

2014 ও 2015 সালে সিটির থেকে ভাড়াটে-ভিত্তিক ভাড়া সহায়তা কার্যক্রমগুলি চালু করা হয়েছিল, যার মধ্যে ছিল লিভিং ইন কমিউনিটিজ (Living in Communities – LINC), সিটি ফ্যামিলি এভিকশন প্রিভেনশন সাপ্লিমেন্ট অ্যান্ড সিটি ফ্যামিলি একজিট প্ল্যান সাপ্লিমেন্ট (City Family Eviction Prevention Supplement and City Family Exit Plan Supplement, CITYFEPS) এবং স্পেশাল একজিট অ্যান্ড প্রিভেনশন সাপ্লিমেন্ট (Special Exit and Prevention Supplement, SEPS) কার্যক্রমগুলি, যাতে আশ্রয়ে থাকা অথবা সিটির কোনও আশ্রয়ে প্রবেশের ঝুঁকিতে থাকা মানুষদের ভাড়া সহায়তা প্রদান করা যায়।

সেপ্টেম্বর 2017-তে, *Tejada বনাম Roberts মামলার একটি নিষ্পত্তি*, সূচক নং 453245/2015 (Sup. Ct. N.Y. Cty.), নিউ ইয়র্ক স্টেটের সামনে তার ফ্যামিলি এভিকশন প্রিভেনশন সাপ্লিমেন্ট (Family Eviction Prevention Supplement, FEPS) কার্যক্রমের বদলে পরিপূরক ভাড়ার আরও উচ্চ মাত্রা সহ একটি সম্প্রসারিত কার্যক্রম চালু করার রাস্তা খুলে দেয়। সেই কার্যক্রমের নাম স্টেট ফ্যামিলি হোমলেসনেস অ্যান্ড এভিকশন প্রিভেনশন সাপ্লিমেন্ট (State Family Homelessness & Eviction Prevention Supplement, FHEPS) কার্যক্রম। HRA'র CITYFEPS কার্যক্রমে থাকা অনেক পরিবারকে এবং LINC III কার্যক্রমের বেশিরভাগ পরিবারকে *Tejada* নিষ্পত্তি কার্যকর হওয়ার অল্পকাল পরেই স্টেটের FHEPS কার্যক্রমে স্থানান্তর করা হয়েছিল।

2018 সালের শরৎকালে আশ্রয়ে থাকা বা সেখানে যাওয়ার ঝুঁকিতে থাকা পরিবারগুলির কাছে নিশানা করা সিটি-অর্থায়িত ভাড়া সহায়তা কার্যক্রমগুলি আরও কার্যকরভাবে ও দক্ষতা সহ পৌঁছে দেওয়ার জন্য HRA সিটি ফাইটিং হোমলেসনেস অ্যান্ড এভিকশন প্রিভেনশন সাপ্লিমেন্ট (City Fighting Homelessness and Eviction Prevention Supplement, CityFHEPS) প্রতিষ্ঠা করে যা একটি একক সুশৃঙ্খল কার্যক্রম যা LINC I, II, IV ও V কার্যক্রমগুলি, SEPS কার্যক্রম এবং LINC III ও CITYFEPS কার্যক্রমগুলির বাকি থাকা অংশের বদলে চালু করা হয়। LINC VI-এ অংশগ্রহণকারী পরিবারগুলির ব্যতিক্রম ছাড়া LINC, CITYFEPS ও SEPS কার্যক্রমগুলিতে অংশগ্রহণকারী পরিবারগুলিকে

CityFHEPS-তে স্থানান্তরিত করা হয়। বন্ধুদের ও পরিবারের সঙ্গে প্রবেশ করা পরিবারগুলিকে সহায়তা প্রদান করা একটি পাঁচ বছরের কার্যক্রম LINC VI এর বদলে পাথওয়ে হোম চালু করা হয়, যা একটি উচ্চতর মাত্রার সহায়তা প্রদান করা এক বছরের কার্যক্রম। যদিও, LINC VI-তে ইতিমধ্যেই অংশগ্রহণকারী পরিবারগুলি তারা যতদিন যোগ্য থাকবেন ততদিন সেই কার্যক্রমে থাকতে পারবেন।

LINC 1-5 ধীরে ধীরে বন্ধ করে দেওয়ায় CITYFEPS ও SEPS কার্যক্রমগুলি এখন সম্পূর্ণ হওয়ার কারণে এই কার্যক্রমগুলির অচল উল্লেখগুলি অপসারণ করতে HRA অধ্যায় 7 (LINCs 1-5 নিয়ন্ত্রক) এর উপ-অধ্যায় ক ও খ এবং অধ্যায় 8 (CITYFEPS ও SEPS নিয়ন্ত্রক) প্রত্যাহার করার এবং অধ্যায় 10 (CityFHEPS নিয়ন্ত্রক) ও অধ্যায় 11 (পাথওয়ে হোম নিয়ন্ত্রক) সংশোধনের প্রস্তাব করছে।

পরিশেষে, সরাধিক ভাড়ার মাত্রা বাড়ানো এবং CityFHEPS এর একটি প্রকল্প-ভিত্তিক সংস্করণ প্রতিষ্ঠার সঙ্গে, HRA CityFHEPS ও পাথওয়ে হোম এর নিয়মাবলীতে অন্যান্য প্রযুক্তিগত পরিবর্তন করার প্রস্তাব করছে, যার মধ্যে রয়েছে:

- CityFHEPS ও পাথওয়ে হোম এর "রাস্তার গৃহহীন"দের সংজ্ঞার সরলীকরণ।
- সম্ভাব্য জালিয়াতি প্রতিরোধে সাহায্য করতে: কোনও নিকট আত্মীয়ের বাড়িওয়ালা থেকে কোনও CityFHEPS পরিবার হয়ে ওঠা প্রতিরোধ করা এবং কোনও আইনত দায়িত্বপ্রাপ্ত আত্মীয়ের কোনও পাথওয়ে হোম পরিবারের কর্তা হয়ে ওঠা প্রতিরোধ করা (এটা এই শর্তে যে যুক্তিসঙ্গত কারণে এই নিষেধাজ্ঞাগুলি থেকে ছাড় দেওয়া হতে পারে)।
- স্টেটের আইনের অনুবর্তী হতে: বছরের মাঝপথে ভাড়া-নিয়ন্ত্রিত ইউনিটগুলির অনুমোদিত ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে CityFHEPS নিয়মাবলীর নিষেধাজ্ঞা অপসারণ করা।
- CityFHEPS কার্যক্রমের কার্যকারিতা বাড়াতে ও সরকারি অর্থকে রক্ষা করতে: CityFHEPS এর সর্বাধিক ভাড়ার সঙ্গে ভাড়ার একটি যুক্তিগ্রাহ্যতার প্রয়োজনীয়তা যোগ করা।
- বর্তমান অনুশীলনের অনুবর্তী হতে: CityFHEPS "বাস করতে থাকার কেসগুলি"র (যেখানে ক্লায়েন্টরা তাদের বাসায় থাকার জন্য CityFHEPS ব্যবহার করেন) ক্ষেত্রে আগাম ভাড়া প্রদান মাত্র একমাস আগের জন্য সীমায়িত করা এবং কোনও বাড়িওয়ালার জন্য মাত্র একটি পূর্ণ মাসের ভাড়া আগে থেকে পাওয়ার বিকল্প যোগ করা।
- ব্যাখ্যা করা যে CityFHEPS ভাড়াটে-ভিত্তিক ভাড়া সহায়তা (Tenant-Based Rental Assistance) সেই অ্যাপার্টমেন্টগুলির জন্য প্রয়োগ করা যাবে যেখানে SCRIE বা DRIE এর অধীনে ভাড়া স্থির করে দেওয়া হয়েছে, যদি ক্লায়েন্ট অন্যথায় CityFHEPS এর যোগ্য হন।
- বর্তমান অনুশীলনের অনুবর্তী হতে: পাথওয়ে হোম প্রদানের করতে পারার আগে ACS পরিচালিত মূল্যায়ন আপডেট করা, যেখানে হোস্ট ফ্যামিলি বা যে পরিবারের হয়ে পাথওয়ে হোম প্রদান করা হচ্ছে তাতে একটি নাবালক শিশু রয়েছে।

- নিয়মাবলীর অন্যান্য বিভিন্ন শৈলী ও প্রযুক্তিগত সংশোধন করা।

সিটি চার্টার এর ধারা 603 ও 1043 এবং নিউ ইয়র্ক সামাজিক পরিষেবা আইন এর ধারা 34, 56, 61, 62, 77 ও 131-a HRA-কে এই নিয়মের প্রচার করার অনুমোদন দিয়েছে।

নতুন বিষয়বস্তু <u>আন্ডারলাইন করা</u> রয়েছে।

মুছে দেওয়া বিষয়বস্তু [বন্ধনীর মধ্যে রাখা হয়েছে]

***ধারা এক।*** *সিটি অফ নিউ ইয়র্ক এর নিয়মাবলীর শিরোনাম 68 এর অধ্যায় 7-কে নতুন করে "লিভিং ইন কমিউনিটিজ ফ্যামিলি অ্যান্ড ফ্রেন্ড রিইউনিফিকেশন (Living In Communities Family and Friend Reunification, LINC VI) ভাড়া সহায়তা কার্যক্রম" নাম দেওয়া হয়েছে।*

***§ 2.*** *সিটি অফ নিউ ইয়র্ক এর নিয়মাবলীর শিরোনাম 68 এর অধ্যায় 7 এর উপ-অধ্যায় ক (LINC I, II ও III) ও খ (LINC IV ও V) প্রত্যাহার করা হল।*

***§ 3.*** *সিটি অফ নিউ ইয়র্ক এর নিয়মাবলীর শিরোনাম 68 এর অধ্যায় 7 এর উপ-অধ্যায় গ এর সংশোধন করা হয়েছে উপ-অধ্যায় নামটিকে মুছে ফেলে, এবং উপ-অধ্যায় গ গঠনকারী বিধিগুলিকে পুনরায় সংখ্যা দিয়ে চিহ্নিত করা এবং নিম্নরূপে পড়ার জন্য সংশোধন করা হয়েছে:*

**[§ 7-18] <u>§ 7-01</u> সংজ্ঞাসমূহ।**

এই [উপ-অধ্যায়] <u>অধ্যায়ের</u> উদ্দেশ্যে, নিম্নলিখিত পরিভাষার অর্থ নিম্নরূপ থাকবে:

[(ক) "পরিবার" বলতে সরকারি সহায়তা পাওয়ার যোগ্যতা নির্বিশেষে তাকে বোঝানো হচ্ছে যিনি LINC VI ভাড়া সহায়তা কার্যক্রমের জন্য আবেদন করেছেন অথবা এই উপ-অধ্যায় অনুসারে এই কার্যক্রমে সামিল হতে চলেছেন।]

<u>(ক) "কমিশনার" এর অর্থ হল DSS এর কমিশনার বা কমিশনারের মনোনীত ব্যক্তি।</u>

<u>(খ) "DHS" এর অর্থ হল নিউ ইয়র্ক সিটি গৃহহীন পরিষেবা বিভাগ ( New York City Department of Homeless Services)।</u>

<u>(গ) "DSS" এর অর্থ হল নিউ ইয়র্ক সিটি সামাজিক পরিষেবা বিভাগ (New York City Department of Social Services), যে সত্তা HRA ও DHS নিয়ে গঠিত হয়।</u>

[(খ)] (ঘ) ["হোস্ট] "হোস্ট ফ্যামিলি" বলতে সেই সকলকে বোঝায় যারা পরিবারটির সদস্য নন ও যারা সেই আবাসনে বাস করছেন বা করবেন বলে মনস্থ করেছেন যার উপর LINC VI ভাড়া সহায়তার অর্থপ্রদান প্রযোজ্য হবে। [একজন হোস্ট] "হোস্ট ফ্যামিলি"র মধ্যে পড়বেন প্রাথমিক বাসিন্দা এবং সেটি একজন মাত্র ব্যক্তিকে নিয়েও গঠিত হতে পারে।

(ঙ) "পরিবার" বলতে সেই ব্যক্তিদের বোঝায় যারা সরকারি সহায়তা পাওয়ার যোগ্যতা নির্বিশেষে এই অধ্যায় অনুসারে LINC VI ভাড়া সহায়তা পাচ্ছেন।

(চ) "HRA" বলতে নিউ ইয়র্ক সিটি মানবসম্পদ প্রশাসনকে বোঝায়।

[(গ)] (ছ) [,] "লিভিং ইন কমিউনিটিজ ফ্যামিলি অ্যান্ড ফ্রেন্ড রিইউনিফিকেশন ভাড়া সহায়তা কার্যক্রম" বা "LINC VI ভাড়া সহায়তা কার্যক্রম" বলতে এই অধ্যায়ে বর্ণিত ভাড়া সহায়তা কার্যক্রমকে [এই উপ-অধ্যায় অনুসারে প্রতিষ্ঠিত] বোঝায়।

[(ঘ) একজন "কার্যক্রমে অংশগ্রহণকারী" বলতে পরিবারের সেই সদস্যকে বোঝায় যিনি এমন একটি আবাসন চুক্তিতে প্রবেশ করেছেন যার প্রতি LINC VI ভাড়া সহায়তার অর্থপ্রদান করা হয়েছে বা হচ্ছে।]

[(ঙ) একজন "প্রাথমিক] (জ) "প্রাথমিক বাসিন্দা" [হলেন] সেই ব্যক্তি যিনি এমন বাসস্থানের মাসিক ভাড়া প্রদানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি যার প্রতি LINC VI ভাড়া সহায়তার অর্থপ্রদান প্রযোজ্য হবে অথবা যিনি সেই বাসস্থানের মালিক। প্রাথমিক বাসিন্দার সেই বাসস্থানে বসবাস করা আবশ্যক।

(ঝ) "কার্যক্রমে অংশগ্রহণকারী" বলতে পরিবারের সেই সদস্যকে বোঝায় যিনি এমন একটি আবাসন চুক্তিতে প্রবেশ করেছেন যার প্রতি LINC VI ভাড়া সহায়তার অর্থপ্রদান করা হয়েছে বা হচ্ছে।

**[§ 7-19] § 7-02 LINC VI ভাড়া সহায়তা কার্যক্রম পরিচালনা।**

HRA LINC VI ভাড়া সহায়তা কার্যক্রম পরিচালনা করবে[, কেবল এই ব্যতিক্রম ছাড়া যে কোনও DHS আশ্রয়ে বাস করা পরিবারগুলির জন্য এই অধ্যায়ের ধারা 7-20 এর উপধারা (ক) এর অনুচ্ছেদ (1) অনুসারে HRA প্রাথমিক যোগ্যতা নির্ধারণ করতে DHS এর পরামর্শে কাজ করবে]।

**[§ 7-20 প্রাথমিক যোগ্যতা ও] § 7-03 পুনর্নবীকরণ।**

[(ক) LINC VI ভাড়া সহায়তা কার্যক্রমের প্রাথমিক যোগ্যতা।

(1) LINC VI ভাড়া সহায়তার প্রারম্ভিক বছরের জন্য যোগ্য হতে কোন পরিবারের নিম্নলিখিত যোগ্যতামান পূরণ করা আবশ্যক:

(ক) পরিবারে অন্তত একজন এমন সদস্য থাকা আবশ্যক যিনি সরাকারি সহায়তা পান এবং পরিবারের সরকারি সহায়তা পাওয়ার যোগ্য সমস্ত সদস্যের এই ধরনের সুবিধা পাওয়া আবশ্যক।

(খ) পরিবারের মধ্যে এগুলি অন্তর্ভুক্ত থাকা আবশ্যক:

(i) একটি শিশু যে নিউ ইয়র্কের বিধি, নিয়ম ও প্রবিধানের শিরোনাম 18 এর ধারা 369.2 (c)-তে ঘোষিত প্রয়োজনীয়তা পূরণ করে অথবা একজন গর্ভবতী মহিলা ও পরিবারের অন্তত একজন সদস্য যিনি:

(I) নিউ ইয়র্কের আইন, নিয়মাবলী ও বিধিসমূহের শিরোনাম 18 এর অংশ 351 ও 352 এর অধীনে DHS এর নির্ধারণ অনুসারে অথবা নিউ ইয়র্কের আইন, নিয়মাবলী ও বিধিসমূহের শিরোনাম 18 এর ধারা 452.2(g) ও 452.9 এর অধীনে HRA এর নির্ধারণ অনুসারে আশ্রয়ে থাকার যোগ্য;

(II) বর্তমানে সিটির আশ্রয় ব্যবস্থায় বসবাস করছেন; এবং

(III) তিনটি ক্যালেন্ডার দিবস পর্যন্ত ব্যবধান ছাড়া টানা অন্তত নব্বই দিনের জন্য শহরের আশ্রয় ব্যবস্থায় থেকেছেন;

(ii) একজন সদস্য যিনি এই অধ্যায়ের ধারা 7-10 এর (b) উপবিভাগের (1) অনুচ্ছেদে বর্ণিত বিবরণ পূরণ করেছেন এবং DHS বা তার হয়ে পরিচালিত আশ্রয়ে 1 মে, 2015 থেকে 31 জুলাই 2015 তারিখের মধ্যে থেকেছেন; অথবা

(iii) একজন সদস্য যিনি এই অধ্যায়ের ধারা 7-10 এর (খ) উপবিভাগের (2), (3) বা (4) অনুচ্ছেদে বর্ণিত বিবরণ পূরণ করেছেন।

(গ) পরিবারের কোনও হোস্ট ফ্যামিলি খুঁজে নেওয়া আবশ্যক, যেখানে পরিবারের আত্মীয় বা বন্ধু রয়েছে যিনি নিউ ইয়র্ক সিটিতে থাকেন, যিনি পরিবারকে তার বাসস্থানে থাকতে দেওয়ার অনুমতি দিয়েছেন এবং পরিবারের কাছ থেকে মাসিক ভাড়া নেবেন বলে জানিয়েছেন, যে ভাড়ার পরিমাণ এই অধ্যায়ের ধারা 7-21 এর উপবিভাগ (ক) এর সারণীতে উল্লেখ করা প্রযোজ্য সর্বাধিক ভাড়াকে ছাড়িয়ে যায় না।

(ঘ) হোস্ট ফ্যামিলি এবং হোস্ট ফ্যামিলির বাসস্থান এই অধ্যায়ের ধারা 7-24 এর উপবিভাগ (ঞ) এর প্রয়োজনীয়তাগুলিকে পূরণ করা আবশ্যক।

(ঙ) পরিবারের স্থূল আয় মার্কিন স্বাস্থ্য ও মানবিক পরিষেবা বিভাগ (Department of Health and Human Services) দ্বারা বার্ষিক ভিত্তিতে প্রতিষ্ঠিত যুক্তরাষ্ট্রীয় দারিদ্র্য সীমার 200 শতাংশের বেশি না হওয়া আবশ্যক।

(2) HRA, প্রযোজ্য হলে, পরিবারটিতে এগুলি করা অন্তত একজন সদস্য থাকলে এই উপ-অধ্যায়ের অনুচ্ছেদ (1) এর উপ-অনুচ্ছেদ (৪) এর ধারা (i) এর (I)-(III) আইটেমে ঘোষিত প্রয়োজনীয়তা পূরণকারীর অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয়তায় ছাড় দিতে পারে:

(i) পরিবারের সদস্যের আশ্রয়ের জন্য সবচেয়ে সাম্প্রতিক আবেদনের অনধিক দশ দিন আগে সিটির আশ্রয় ব্যবস্থা থেকে বেরিয়ে গেছেন; এবং

(ii) পরিবারের সদস্যের সবচেয়ে সম্প্রতি সিটির আশ্রয় ব্যবস্থা থেকে বেরিয়ে যাওয়ার তারিখে এই উপ-অধ্যায়ের অনুচ্ছেদ (1) এর উপ-অনুচ্ছেদ (৪) এর ধারা (i) এর (I)-(III) আইটেমে ঘোষিত প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে পারতেন।

(3) LINC VI ভাড়া সহায়তা পাওয়ার জন্য অনুমোদিত হতে পারে এমন পরিবারের সংখ্যা উপলভ্য অর্থরাশির পরিমাণ অনুসারে সীমিত করা হবে। আবেদনগুলি DHS এর পরামর্শক্রমে HRA এর স্থির করা ফর্মে ও ফর্ম্যাট মেনে জমা দেওয়া আবশ্যক।

(খ) প্রথম বছরের পর পুনর্নবীকরণ।]

[(1)] (ক) অর্থরাশি প্রাপ্তি সাপেক্ষে, LINC VI ভাড়া সহায়তা পাওয়া একটি পরিবার নিম্নলিখিত প্রয়োজনীয়তাগুলি পূরণ করা অব্যাহত রাখলে চারটি এক বছরের পুনর্নবীকরণ পাবে:

[(ক)] (1) পরিবারের স্থূল আয় মার্কিন স্বাস্থ্য ও মানবিক পরিষেবা বিভাগের দ্বারা বার্ষিক ভিত্তিতে প্রতিষ্ঠিত যুক্তরাষ্ট্রীয় দারিদ্র্যসীমার 200 শতাংশকে ছাড়িয়ে না যাওয়া;

[(খ)] (2) যে পরিবারের কাছে এই ধরনের কার্যকলাপ উপলব্ধ করানো হয়, সেখানে পরিবারের অন্তত একজন সদস্যের কর্মসংস্থান পাওয়ার, বজায় রাখার এবং/অথবা উন্নত করার জন্য অথবা পরিবারের সেই সদস্য বা পরিবার যোগ্য এমন কোনও সুবিধা পাওয়ার জন্য ক্রমাগত নিয়োজিত থাকা আবশ্যক; এবং

[(গ)] (3) সরকারি সহায়তার যোগ্য পরিবারের সমস্ত সদস্যের সরকারি সহায়তা পাওয়া আবশ্যক।

[(2)] (খ) HRA অর্থরাশির উপলভ্যতা সাপেক্ষে এই কার্যক্রমে পরিবারের অংশগ্রহণের প্রতি বছরের শেষে পরিবারের LINC VI ভাড়া সহায়তা পুনর্নবীকরণের যোগ্যতা নির্ধারণ করবে। প্রতি এক বছরের পুনর্নবীকরণ শুরুর আগে HRA ধারা [7-21] [এই অধ্যায়ের] 7-04 অনুসারে পরিবারের মাসিক সর্বাধিক ভাড়া সহায়তার রাশি পুনর্গণনা করবে। ধারা [7-22] [এই অধ্যায়ের] 7-05 এর প্রবিধান ছাড়া, মাসিক ভাড়া সহায়তার রাশি এক বছরের পুনর্নবীকরণের সময়কালে পরিবর্তিত হবে না।

[(3)] (গ) পরিবারের প্রয়োজনীয়তা পূরণে ব্যর্থ হওয়া পরিবারের নিয়ন্ত্রণ বহির্ভূত কোনও পরিস্থিতির কারণে হলে অথবা অথবা পুনর্নবীকরণ না করার ফলে পরিবারের আশ্রয়ে প্রবেশের সম্ভাবনা থাকলে HRA তার নিজস্ব বিবেচনায় প্রতিটি কেস আলাদা করে দেখে [এই উপবিভাগের অনুচ্ছেদ (1)] ধারা 7-03(a)-তে ঘোষিত যে কোনও প্রয়োজনীয়তায় ছাড় দিতে পারে।

**[§ 7-21] § 7-04 সর্বাধিক মাসিক ভাড়ার বাধ্যবাধকতা এবং ভাড়া সহায়তার রাশি গণনা করা।**

(ক) সর্বাধিক মাসিক ভাড়া।

(1) পরিবারের মাসিক ভাড়া নীচের সারণীতে ঘোষিত রাশির থেকে বেশি হওয়া চলবে না:

| পরিবারের আকার | **1 - 2** | **3 - 4** | **5 বা তার বেশি** |
|---|---|---|---|
| সর্বাধিক ভাড়া | $650 | $750 | $1,000 |

(2) যেখানে প্রধান বসবাসকারী সরকারি সহায়তা পান, সেখানে পরিবারের মাসিক ভাড়া পরিবারের লিজ বা ভাড়ার চুক্তি কার্যকর হওয়ার তারিখে নিউ ইয়র্কের আইন, নিয়মাবলী ও বিধিসমূহের শিরোনাম 18 এর ধারা 352.3 এর অধীনে প্রধান বসবাসকারীর আশ্রয় বাবদ প্রদেয় বাধ্যতামূলক অর্থ ও প্রধান বসবাসকারীর আশ্রয় ভাতার বিয়োগফলের বেশি হতে পারবে না।

(3) কোনও অবস্থাতেই পরিবারের মাসিক ভাড়া বাসস্থানের ভাড়ায় পরিবারের সমানুপাতিক অংশের বেশি হবে না। পরিবারের ভাড়ার সমানুপাতিক অংশ নিউ ইয়র্কের আইন, নিয়মাবলী ও বিধিসমূহের শিরোনাম 9 এর ধারা 2525.7-এ [নিউ ইয়র্কের আইন, নিয়মাবলী ও বিধিসমূহের] ঘোষিত সূত্র অনুসারে অথবা তুলনীয় পরিমাপের ভিত্তিতে নির্ণয় করা হবে।

(খ) ভাড়া সহায়তার রাশি।

(1) মাসিক ভাড়া সহায়তার রাশি পরিবারের মাসিক ভাড়ার সমান হবে।

(2) HRA বাসস্থানের প্রধান বসবাসকারীকে পরিবারটি যতদিন যোগ্য থাকবে, পরিবারটি সেই বাসস্থানে থাকবে এবং কার্যক্রমের অর্থ পাওয়া যাবে ততদিন প্রতিমাসে সরাসরি মাসিক ভাড়া সহায়তার রাশি প্রদান করবে।

**[§ 7-22] § 7-05 অন্যত্র চলে যাওয়া।**

(ক) LINC VI ভাড়া সহায়তা পাচ্ছেন এমন কোনও পরিবার HRA এর অনুমোদন থাকা এবং নিউ ইয়র্ক সিটির ভিতরে অন্য কোনও বাসস্থানে চলে যাওয়ার ক্ষেত্র ছাড়া নতুন কোনও বাসস্থানে চলে যেতে পারবে না এবং তাদের LINC VI ভাড়া সহায়তা পাওয়ার যোগ্যতা ধরে রাখতে হবে। LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারীকে নতুন বাসস্থানে চলে যাওয়ার আগেই তার অনুমোদন নিয়ে নেওয়া আবশ্যক, তবে তা এই শর্তে যে কার্যক্রমের অংশগ্রহণকারী তার নিয়ন্ত্রণের বাইরে থাকা কোনও কারণে বাসস্থান বদলের আগে অনুমোদন নিয়ে উঠতে না পারলে চলে যাওয়ার পরেও HRA আবেদনে অনুমোদন দেওয়ার কথা বিবেচনা করতে পারে। পরিবার বর্তমানে একটি নতুন বাসস্থানে হোস্ট ফ্যামিলির সঙ্গে থাকতে গেলে HRA সেই চলে যাওয়ার অনুমোদন মঞ্জুর করবে। অন্য সমস্ত পরিস্থিতিতেই, কার্যক্রমে অংশগ্রহণকারী এক আবাসন থেকে অন্য আবাসনে যাওয়ার যুক্তিসঙ্গত কারণ দেখালে তবেই HRA অনুমোদন মঞ্জুর

করবে। চলে যাওয়ার অনুরোধ করার ফলে পরিবারের মাসিক ভাড়া বাড়লে অনুমোদনটি অর্থের উপলভ্যতা সাপেক্ষ হবে।

(খ) HRA নতুন আবাসনে চলে যাওয়া অনুমোদন করলে HRA মাসিক ভাড়া সহায়তা রাশি পুনর্গণনা করবে এবং সেই রাশি লিজের চুক্তি বা নতুন আবাসনের ভাড়ার চুক্তি কার্যকর হওয়ার তারিখ থেকে এক বছর পর্যন্ত বদলাবে না। লিজের চুক্তি বা নতুন আবাসনের ভাড়ার চুক্তি কার্যকর হওয়ার তারিখ পরিবারের কার্যক্রমে বর্তমান বছরে অংশগ্রহণের শুরুর পর থেকে দশ মাসের কম পরে হলে পরিবারটির বর্তমান বছরের LINC VI ভাড়া সহায়তা সেই লিজের বা ভাড়ার চুক্তি কার্যকর হওয়ার তারিখ থেকে নতুন করে শুরু হবে। লিজের চুক্তি বা নতুন আবাসনের ভাড়ার চুক্তি কার্যকর হওয়ার তারিখ পরিবারের কার্যক্রমে বর্তমান বছরে অংশগ্রহণের শুরুর পর থেকে দশ মাসের কম পরে হলে এবং পরিবার LINC VI সহায়তা পুনর্নীবকরণের যোগ্য হলে পরিবারের পুনর্নীবকরণের সময়সীমা সেই লিজের ও ভাড়ার চুক্তি কার্যকর হওয়ার তারিখ থেকে নতুন করে শুরু হবে।

**[§ 7-23] <u>§ 7-06</u> সংস্থার পর্যালোচনা বৈঠক ও [HRA] <u>DSS</u> প্রশাসনিক আপিল প্রক্রিয়া।**

(ক) [HRA] <u>DSS</u> প্রশাসনিক পর্যালোচনার অধিকার। [কোনও আবেদনকারী বা] <u>কোনও</u> LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারী এই [উপ-অধ্যায়ের] <u>অধ্যায়ের</u> অধীনে DHS এবং/অথবা HRA এর করা কোনও নির্ধারণ বা পদক্ষেপ পর্যালোচনা করার জন্য, তথা এই [উপ-অধ্যায়ের] <u>অধ্যায়ের</u> বিধিসমূহের বাস্তবায়ন করতে গিয়ে [DHS এবং/অথবা] HRA এর দ্বারা ব্যবস্থা নেওয়ায় ব্যর্থতা বা যুক্তিসঙ্গত দ্রুততার সঙ্গে ব্যবস্থা নেওয়ায় ব্যর্থতার ক্ষেত্রে একটি সংস্থার পর্যালোচনা বৈঠকের এবং/অথবা [একটি HRA] <u>DSS</u> প্রশাসনিক পর্যালোচনার অনুরোধ করতে পারেন।

(খ) সংস্থার পর্যালোচনা বৈঠক।

(1) [কোনও আবেদনকারী বা] <u>কোনও</u> LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারী সংস্থার পর্যালোচনা বৈঠকের অনুরোধ করলে HRA-কে ঘরোয়াভাবে পর্যালোচনা করতে হবে এবং উত্থাপিত সমস্যাগুলি সমাধান করার প্রয়াস করতে হবে।

(2) [কোনও আবেদনকারী বা] <u>কোনও</u> LINC VI কার্যক্রমে অংশগ্রহণকারী [একটি HRA] <u>একটি DSS</u> প্রশাসনিক শুনানির অনুরোধ না করেই সংস্থার পর্যালোচনা বৈঠকের অনুরোধ করতে পারেন। সংস্থার পর্যালোচনা বৈঠকের অনুরোধ করা [কোনও আবেদনকারীকে] কার্যক্রমের <u>কোনও</u> অংশগ্রহণকারীকে পরবর্তীকালে [কোনও HRA] <u>কোনও DSS</u> প্রশাসনিক শুনানির ক্ষেত্রে বাধা দেয় না।

(3) বিরোধিতা করা নির্ধারণের বা ব্যবস্থা নেওয়ার পরের ষাট দিনের মধ্যে একটি সংস্থার পর্যালোচনা বৈঠকের অনুরোধ করা আবশ্যক, তবে তা এই শর্তে যে [একটি HRA] <u>একটি DSS</u> প্রশাসনিক শুনানির সময় স্থির করা থাকলে একটি সংস্থার পর্যালোচনা বৈঠকের অনুরোধ নির্ধারিত শুনানির তারিখের যুক্তিসঙ্গত সময় আগে করা আবশ্যক।

(4) একটি সংস্থার পর্যালোচনা বৈঠকের অনুরোধ [একটি HRA] একটি DSS প্রশাসনিক শুনানির অনুরোধ করার সময় সংস্থার পর্যালোচনা বৈঠকের তারিখের পরের ষাট দিন পর্যন্ত বর্ধিত করবে, যেমনটা [এর উপবিভাগ (গ) এর অনুচ্ছেদ (2)] ধারা 7-06(c)(2)-এ ঘোষিত রয়েছে।

(গ) [একটি HRA] একটি DSS প্রশাসনিক শুনানির অনুরোধ।

(1) একটি প্রশাসনিক শুনানির অনুরোধ লিখিতভাবে করা আবশ্যক। এরূপ লিখিত অনুরোধ ডাকযোগে, বৈদ্যুতিন উপায়ে বা ফ্যাক্সিমিলি করে অথবা অন্য কোনও উপায়ে জমা দেওয়া আবশ্যক, যেমনটা [HRA] DSS এর দ্বারা আপিলের বিজ্ঞপ্তিতে ঘোষিত রয়েছে।

(2) [এর উপবিভাগ (গ) এর অনুচ্ছেদ (4)] ধারা 7-06(b)(4) এর প্রবিধান ছাড়া, একটি প্রশাসনিক শুনানির অনুরোধ বিরোধিতা করা নির্ধারণের বা ব্যবস্থা নেওয়ার পরের ষাট দিনের মধ্যে করা আবশ্যক।

(ঘ) অনুমোদিত প্রতিনিধি।

(1) যেখানে লিখিত অনুমোদন কার্যকর করা দুষ্কর সেই ক্ষেত্রগুলি ছাড়া, [কোনও আবেদনকারীর বা] কোনও LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারীর প্রতিনিধিত্ব করতে চাওয়া কোনও ব্যক্তি বা সংস্থার কোনও সংস্থার পর্যালোচনা বৈঠকে বা প্রশাসনিক শুনানিতে [তার] তাদের প্রতিনিধিত্ব করতে এবং [তার] তাদের কেসের রেকর্ড পর্যালোচনা করতে [আবেদনকারীর বা] কার্যক্রমের অংশগ্রহণকারীর লিখিত অনুমোদন থাকা আবশ্যক, তবে তা এই শর্তে যেন [আবেদনকারীর বা] কার্যক্রমের অংশগ্রহণকারীর নিয়োগ করা কোনও অ্যাটর্নির দ্বারা সেই লিখিত অনুমোদনের প্রয়োজন না হয়। এমন কোনও অ্যাটর্নির কোনও কর্মীর সেই অ্যাটর্নির লিখিত অনুমতি উপস্থাপন করলে অথবা সেই অ্যাটর্নি [HRA] DSS-কে তার কর্মীর অনুমোদন সম্পর্কে ফোনে জানালে তিনি অনুমোদিত প্রতিনিধি বলে বিবেচিত হবেন।

(2) কোনও ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কোনও সংস্থার পর্যালোচনা বৈঠক বা কোনও প্রশাসনিক শুনানিতে [আবেদনকারী বা] কোনও LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারীর প্রতিনিধিত্ব করার অনুমোদন দেওয়া হয়েছে এই মর্মে [HRA] DSS-কে জানানো হলে এরূপ প্রতিনিধি [HRA] DSS কর্তৃক [আবেদনকারী বা] কার্যক্রমের অংশগ্রহণকারীকে পাঠানো বৈঠক বা শুনানি সংশ্লিষ্ট যাবতীয় চিঠিপত্রের প্রতিলিপি পাবেন।

(ঙ) সহায়তা অব্যাহত থাকা।

(1) যদি কোনও LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারী কোনও প্রশাসনিক আপিলের অনুরোধ করেন যেখানে [HRA] DSS এর নির্ধারণের মাধ্যমে [এই অধ্যায়ের] ধারা [7-21] 7-04 এর অধীনে জারি করা ভাড়া সহায়তার অর্থ কমানো, সীমিত, স্থগিত বা বন্ধ করা হবে অথবা সেই কার্যক্রমের অংশগ্রহণকারীর পরিবারকে [এই অধ্যায়ের] [ধারা 7-20 এর উপবিভাগ (খ)] 7-03(b) অনুসারে পুনর্নবীকরণের অযোগ্য বলে ঘোষণা করে, তাহলে সেই কার্যক্রমের অংশগ্রহণকারীর LINC VI ভাড়া সহায়তা কার্যক্রমের অর্থ পাওয়ার

অধিকার [এর উপবিভাগ (l) এর] ধারা <u>7-06(l)</u> অনুসারে শুনানির সিদ্ধান্ত জারি না হওয়া পর্যন্ত ভাড়া সহায়তা কার্যক্রমের নির্ধারণের সময়ের মাত্রায় বজায় থাকবে, তবে তা এই শর্তে যে:

(ক) সেই নির্ধারণের বিজ্ঞপ্তি ডাকে দেওয়ার দশ দিনের মধ্যে কার্যক্রমে অংশগ্রহণকারী যেন প্রশাসনিক শুনানির আবেদন করেন; এবং

(খ) আবেদনটি যদি ভুল গণনা অথবা ভুল তথ্যসংক্রান্ত নির্ধারণের ভিত্তিতে করা হয়।

(2) যেখানে আপিলের একমাত্র সমস্যা স্থানীয়, স্টেটের বা যুক্তরাষ্ট্রীয় আইন বা নীতি অথবা যেখানে স্থানীয়, স্টেটের বা যুক্তরাষ্ট্রীয় আইনের পরিবর্তন, সেক্ষেত্রে এই উপবিভাগ অনুসারে ভাড়া সহায়তার অর্থ পাওয়ার অধিকার অব্যাহত থাকবে না।

(3) শুনানির কোনও সিদ্ধান্ত জারি না করা পর্যন্ত ভাড়া সহায়তার অর্থপ্রদান অব্যাহত থাকবে না যখন:

(A) LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারী লিখিতভাবে স্বেচ্ছায় [তার] <u>তাদের</u> সেই সহায়তা অব্যাহত রাখার অধিকার পরিত্যাগ করেন; অথবা

(B) LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারী প্রশাসনিক শুনানিতে অনুপস্থিত থাকেন এবং অনুপস্থিত থাকার যুক্তিসঙ্গত কারণ দেখাতে না পারেন।

(4) LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারী [এর উপবিভাগ (m)] ধারা <u>7-06(m)</u> অনুসারে অতিরিক্ত আপিলের অনুরোধ করলে সেই [উপবিভাগ] <u>ধারা 7-06(m)</u> অনুসারে একটি লিখিত সিদ্ধান্ত জারি না করা পর্যন্ত শুনানির সিদ্ধান্ত জারির পরেও ভাড়া সহায়তার অর্থপ্রদান অব্যাহত থাকবে।

(চ) বিজ্ঞপ্তি। [HRA] <u>DSS</u> প্রশাসনিক শুনানির নির্ধারিত তারিখের আগের কমপক্ষে সাতটি ক্যালেন্ডার দিবসের মধ্যে [আবেদনকারী বা] LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারীকে প্রশাসনিক শুনানির বিজ্ঞপ্তিতে তারিখ, সময় ও স্থান জানাবে, যদি না প্রশাসনিক শুনানির অনুরোধের সঙ্গে সংশ্লিষ্ট সমস্যার সমাধান হয়ে যায় এবং [আবেদনকারী বা] কার্যক্রমের অংশগ্রহণকারী [তার] <u>তাদের</u> শুনানির অনুরোধ প্রত্যাহার করে নেন।

(ছ) কেস রেকর্ড পরীক্ষা করা। [আবেদনকারী বা] LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারীর অথবা [তার] <u>তাদের</u> অনুমোদিত প্রতিনিধির [তার] <u>তাদের</u> LINC কার্যক্রমের কেস ফাইল এবং প্রশাসনিক শুনানিতে HRA যে সমস্ত নথি ও রেকর্ড ব্যবহার করবে তার বিষয়বস্তু পরীক্ষা করার অধিকার রয়েছে। টেলিফোনে বা লিখিতভাবে অনুরোধের প্রেক্ষিতে HRA এরূপ [আবেদনকারী বা] কার্যক্রমের অংশগ্রহণকারীকে HRA এবং/অথবা DHS এর কাছে থাকা এরূপ যাবতীয় নথিপত্র এবং যে কোনও অতিরিক্ত নথির প্রতিলিপি প্রদান করবে যা [আবেদনকারী বা] কার্যক্রমের অংশগ্রহণকারী সনাক্ত করবেন এবং প্রশাসনিক শুনানির প্রস্তুতির উদ্দেশ্যে যার অনুরোধ জানাবেন। HRA প্রশাসনিক শুনানির যুক্তিসঙ্গত সময় আগে বিনা মাশুলে সেই নথিপত্র প্রদান করবে। প্রশাসনিক শুনানির পাঁচটি কর্মদিবসের কম সময় আগে সেই নথিপত্রের অনুরোধ করা হলে HRA এর [আবেদনকারী বা] কার্যক্রমে অংশগ্রহণকারীকে প্রশাসনিক শুনানির পরে নয় এমন কোনও সময়ে নথিপত্রের প্রতিলিপি প্রদান করা আবশ্যক।

(জ) মুলতুবি করা। প্রশাসনিক শুনানির আধিকারিক [তার] তাদের নিজেদের প্রস্তাবে অথবা [আবেদনকারী বা] LINC VI কার্যক্রমে অংশগ্রহণকারী[,] অথবা HRA[, বা DHS] এর অনুরোধের প্রেক্ষিতে যুক্তিসঙ্গত কারণে প্রশাসনিক শুনানি মুলতবি করা হতে পারে।

(i) প্রশাসনিক শুনানি পরিচালনা।

(1) প্রশাসনিক শুনানি [HRA] DSS কর্তৃক নিযুক্ত কোনও নিরপেক্ষ শুনানি আধিকারিকের দ্বারা পরিচালিত হবে, যার শপথ গ্রহণ করানোর ও সপিনা জারির ক্ষমতা থাকবে এবং বিরোধিতা করা নির্ধারণের বা ব্যবস্থা নেওয়ার তথ্য সম্পর্কে যার আগে থেকে ব্যক্তিগতভাবে কিছু জানা থাকবে না।

(2) প্রশাসনিক শুনানি ঘরোয়াভাবে হবে, যাবতীয় প্রাসঙ্গিক ও ভৌত প্রমাণ গ্রহণযোগ্য হবে এবং প্রমাণ সংক্রান্ত আইনি নিয়ম প্রযোজ্য হবে না। প্রশাসনিক শুনানি সুনির্দিষ্ট নির্ধারণের(গুলির) বিষয়ে উত্থাপিত সংশ্লিষ্ট ঘটনা ও আইনি সমস্যার মধ্যে সীমিত থাকবে যার জন্য প্রশাসনিক শুনানির অনুরোধ জানানো হয়েছে।

(3) [আবেদনকারী বা] LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারীর কৌঁসুলি বা অন্য প্রতিনিধি দ্বারা প্রতিনিধিত্ব পাওয়ার, সাক্ষ্য দেওয়ার, সাক্ষ্য দেওয়ার জন্য সাক্ষী ডাকার, তথ্যমূলক প্রমাণ পেশ করার, HRA [ও DHS] দ্বারা উপস্থাপিত প্রমাণের বিরুদ্ধে প্রমাণ পেশ করার, শুনানি আধিকারিককে সপিনা জারির অনুরোধ করার এবং HRA [ও DHS] প্রস্তাবিত নথিপত্র পরীক্ষা করার অধিকার রয়েছে।

(4) প্রশাসনিক শুনানির অডিও রেকর্ডিং, অডিও-ভিজুয়াল রেকর্ডিং বা লিখিত ট্রানস্ক্রিপ্ট তৈরি করা হবে।

(ঞ) প্রশাসনিক শুনানির অনুরোধ পরিত্যাগ করা।

[(1) আবেদনকারী বা LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারী বা তার অনুমোদিত প্রতিনিধির কেউই প্রশাসনিক শুনানিতে উপস্থিত না থাকলে HRA প্রশাসনিক শুনানি পরিত্যাগের কোনও অনুরোধ বিবেচনা করবে, যদি না আবেদনকারী বা কার্যক্রমের অংশগ্রহণকারী বা তার অনুমোদিত প্রতিনিধি:

(ক) প্রশাসনিক শুনানির আগে HRA এর সঙ্গে যোগাযোগ করে প্রশাসনিক শুনানির সময় পরিবর্তনের অনুরোধ করেন; অথবা

(খ) HRA এর সঙ্গে প্রশাসনিক শুনানির তারিখের আগের পনেরোটি ক্যালেন্ডার দিবসের মধ্যে যোগাযোগ করেন এবং নির্ধারিত তারিখে প্রশাসনিক শুনানিতে উপস্থিত না হওয়ার যুক্তিসঙ্গত কারণ জানিয়ে রাখেন।

(2) আবেদনকারী বা LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারী অথবা তার কোনও অনুমোদিত প্রতিনিধি এই উপবিভাগের অনুচ্ছেদ (1) এর প্রয়োজনীয়তা পূরণ করলে HRA আবার কেস খুলবে।]

<u>LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারী বা তাদের অনুমোদিত প্রতিনিধি শুনানিতে উপস্থিত না হলে শুনানির তারিখের আগে একটি প্রশাসনিক শুনানির অনুরোধের অনুপস্থিতিতে DSS একটি প্রশাসনিক শুনানির অনুরোধ পরিত্যাগের কথা বিবেচনা করবে। যদিও, LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারী বা তাদের অনুমোদিত প্রতিনিধি শুনানির নির্ধারিত তারিখের আগের পনেরোটি ক্যালেন্ডার দিবসের মধ্যে DSS এর সঙ্গে যোগাযোগ করলে এবং শুনানিতে উপস্থিত না হওয়ার যুক্তিসঙ্গত কারণ দেখালে DSS কেসটিকে ক্যালেন্ডার অনুসারে পুনরায় খুলবে।</u>

(ট) শুনানি রেকর্ড করা। শুনানির রেকর্ডিং বা লিখিত ট্রানস্ক্রিপ্ট, শুনানির সঙ্গে সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র ও দাখিল করা অনুরোধ এবং শুনানির সিদ্ধান্ত সম্মিলিতভাবে প্রশাসনিক শুনানির পূর্ণ ও স্বতন্ত্র রেকর্ড গঠন করে।

(ঠ) শুনানির সিদ্ধান্ত।

(1) শুনানির আধিকারিক কেবলমাত্র শুনানির রেকর্ড অনুসারে একটি সিদ্ধান্ত প্রদান করবেন। সিদ্ধান্তটি লিখিতভাবে হওয়া আবশ্যক এবং সেটিতে প্রশাসনিক শুনানির সমস্যাগুলি, প্রাসঙ্গিক তথ্যসমূহ এবং প্রযোজ্য আইন, বিধি ও অনুমোদিত নীতি, কিছু থেকে থাকলে, ঘোষিত থাকা আবশ্যক যেগুলির উপর ভিত্তি করে সিদ্ধান্তটি নেওয়া হয়েছে। সিদ্ধান্তটিতে কোন সমস্যা নির্ধারণ করা হবে তা সনাক্ত করা, তথ্য অনুসন্ধান করা, নির্ধারণের কারণ বিবৃত করা এবং উপযুক্ত হলে HRA-কে সুনির্দিষ্ট পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেওয়া আবশ্যক।

(2) সিদ্ধান্তের একটি প্রতিলিপি ও সেইসঙ্গে [আবেদনকারীর বা] LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারীর এর পর আপিল করার অধিকার ও সেই আপিলের অনুরোধ করার প্রণালী বিবৃত করা একটি বিজ্ঞপ্তি প্রত্যেক পক্ষের কাছে এবং তাদের কোনও অনুমোদিত প্রতিনিধি থাকলে তার কাছে পাঠানো হবে।

(ড) অতিরিক্ত আপিল।

(1) কোনও শুনানি আধিকারিকের সিদ্ধান্তের বিরুদ্ধে কমিশনারের কাছে [HRA এর বা তার কোনও মনোনীত ব্যক্তির] লিখিতভাবে আপিল করা যাবে, তবে তা এই শর্তে যে তা যেন শুনানির সিদ্ধান্তের সঙ্গে দেওয়া বিজ্ঞপ্তিতে বর্ণিত প্রণালীর মাধ্যমে [HRA] <u>DSS</u> শুনানি আধিকারিকের সিদ্ধান্ত পাঠানোর পরের পনেরোটি কর্মদিবসের মধ্যে [HRA এর দ্বারা গৃহীত হয়] <u>কমিশনারের দ্বারা গৃহীত হয়</u>। কমিশনারের সামনে পেশ করা রেকর্ডে শুনানির রেকর্ড, শুনানি আধিকারিকের সিদ্ধান্ত ও কোনও হলফনামা, নথিগত প্রমাণ অথবা লিখিত যুক্তি থাকা আবশ্যক যা [আবেদনকারী বা] LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারী জমা দিতে চাইতে পারেন।

(2) কমিশনার [বা তার মনোনীত ব্যক্তি] শুনানির রেকর্ড এবং [আবেদনকারী বা] LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারী [এবং] <u>অথবা</u> HRA [বা DHS] এর দ্বারা জমা করা কোনও অতিরিক্ত নথির ভিত্তিতে লিখিত সিদ্ধান্তের রায় দেবেন।

(৩) কমিশনারের সিদ্ধান্তের একটি প্রতিলিপি ও সেইসঙ্গে [আবেদনকারী বা] LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারীর বিচারবিভাগীয় পর্যালোচনার অধিকারের একটি লিখিত বিজ্ঞপ্তি প্রত্যেক পক্ষের কাছে এবং তাদের কোনও অনুমোদিত প্রতিনিধি থাকলে তার কাছে পাঠানো হবে।

(৪) এই ধারার অধীনে আবেদন সাপেক্ষে কমিশনার [বা তার মনোনীত ব্যক্তির] সিদ্ধান্ত জারির পরে চূড়ান্ত ও HRA এর পক্ষে বাধ্যতামূলক হবে এবং HRA এর তা মেনে চলা আবশ্যক হবে।

**[§ 7-24] § 7-07 অতিরিক্ত প্রবিধান।**

(ক) LINC VI ভাড়া সহায়তা কার্যক্রমের পরিবারগুলিকে সেই পরিষেবা প্রদানকারীদের কাছে পাঠানো হবে যারা তাদেরকে কমিউনিটি অনুসারে উপযুক্ত পরিষেবার সঙ্গে যুক্ত হতে সহায়তা করবেন।

[(খ) কোনও পরিবার আশ্রয় বদল করার সময় HRA তাদের সেই বাবদ হওয়া খরচ এবং নিউ ইয়র্কের আইন, নিয়মাবলী ও বিধিসমূহের শিরোনাম 18 এর ধারা 352.6 এর অধীনে উপলভ্য পরিসরে একমাসের ভাড়ার সমান একটি নিরাপত্তা আমানতের ভাউচার প্রদান করবে।]

[(গ)] (খ) ক্ষেত্রগুলিকে আলাদাভাবে বিবেচনা করা ছাড়া LINC VI ভাড়া সহায়তা কার্যক্রমের আওতায় দেওয়া ভাড়া সহায়তা অন্য কোনও ভাড়ার ভর্তুকির সঙ্গে একত্র করা যাবে না।

[(ঘ) LINC VI ভাড়া সহায়তা কার্যক্রমের জন্য অপেক্ষা তালিকা বজায় রাখা হবে না।]

[(ঙ) আশ্রয়ের বাসিন্দারা সম্ভাব্য হোস্ট ফ্যামিলি চিহ্নিত করার জন্য দায়ী থাকবেন।]

[(চ)](গ) LINC VI ভাড়া সহায়তা প্রাপক কোনও পরিবারের সঙ্গে ভাড়ার লিজে আবদ্ধ হওয়া কোনও প্রধান বসবাসকারীর সম্মত হওয়া নির্ধারিত মাসিক ভাড়ার উপর কোনও অর্থ, জিনিসপত্র বা পরিষেবার দাবি, অনুরোধ করা বা নেওয়া নিষিদ্ধ। সম্মত হওয়া নির্ধারিত মাসিক ভাড়ার উপর কোনও অর্থ, জিনিসপত্র বা পরিষেবার দাবি, অনুরোধ করা বা নেওয়া কোনও প্রধান বসবাসকারীকে আর কোনও HRA ভাড়া সহায়তার কার্যক্রমে অংশ নিতে দেওয়া হবে না এবং সিটি অব নিউ ইয়র্ক দ্বারা পরিচালিত অন্যান্য ভাড়া সহায়তার কার্যক্রম থেকেও তার উপর নিষেধাজ্ঞা জারি করা হতে পারে। কোনও প্রধান বসবাসকারীকে অযোগ্যের তালিকায় ফেলার আগে HRA লিখিতভাবে প্রধান বসবাসকারীকে লিখিত বিজ্ঞপ্তি দেবে এবং প্রধান বসবাসকারীকে লিখিতভাবে বিরোধিতা করার সুযোগ দেবে।

[(ছ)] (ঘ) LINC VI [ফ্যামিলি অ্যান্ড ফ্রেন্ড রিইউনিফিকেশন] ভাড়া সহায়তা কার্যক্রমে অংশগ্রহণের শর্ত হিসেবে LINC VI ভাড়া সহায়তা প্রাপক কোনও পরিবারের সঙ্গে লিজের বা ভাড়ার চুক্তি করা কোনও প্রধান বসবাসকারীকে লিজের বা ভাড়ার চুক্তি কার্যকর হওয়ার তারিখ থেকে একবছর পর্যন্ত সেই পরিবারের মাসিক ভাড়া বাড়ানোর থেকে নিষিদ্ধ করবে।

[(জ)] <u>(ঙ)</u>  LINC VI ভাড়া সহায়তার অর্থপ্রদান প্রযোজ্য হচ্ছে এমন বাসস্থানে কোনও নতুন ব্যক্তি বসবাসের জন্য এলে কার্যক্রমের অংশগ্রহণকারীর তা শীঘ্রই HRA-কে জানিয়ে দেওয়া আবশ্যক।

[(ঝ)] <u>(চ)</u>  কার্যক্রমের কোনও অংশগ্রহণকারীকে LINC VI ভাড়া সহায়তার অর্থপ্রদান প্রযোজ্য হয়েছে বা হচ্ছে এমন কোনও বাসস্থান থেকে উচ্ছেদ করা বা সরিয়ে দেওয়া হলে প্রধান বসবাসকারীর যে কোনও উপরি পাওনা HRA-কে ফেরত দেওয়া আবশ্যক।

[(ঞ)] <u>(ছ)</u>  LINC VI ভাড়া সহায়তার অর্থপ্রদান প্রযোজ্য হবে এমন যে কোনও বাসস্থানের নিরাপত্তা ও বসবাসযোগ্যতার পরিদর্শনে উত্তীর্ণ হওয়া আবশ্যক। তাছাড়া, আঠারো বছরের কম বয়সী কেউ পরিবারের হলে হোস্ট ফ্যামিলির একটি ছাড়পত্র পাওয়া আবশ্যক যেখানে অন্তত্পক্ষে একটি মূল্যায়ন করতে হবে যে [স্টেটওয়াইড সেন্ট্রাল রেজিস্টার অব চাইল্ড অ্যাবিউজ অ্যান্ড ম্যালট্রিটমেন্ট (Statewide Central Register of Child Abuse and Maltreatment)-এ পরিবারের কোনও সদস্যের বিষয়ে কোনও তথ্য আছে কিনা এবং] হোস্ট ফ্যামিলির কোনও সদস্যের <u>নিউ ইয়র্ক সিটিতে কোনও শিশু সুরক্ষার ইতিহাসের ইঙ্গিত রয়েছে কিনা</u> অথবা তিনি নিউ ইয়র্ক সংশোধন আইনের (New York Correction Law) ধারা 6-C অনুসারে যৌন নির্যাতনকারী হিসেবে রেজিস্টার্ড রয়েছেন কিনা।

<u>***§ 4.** একটি নতুন ধারা 7-08 যোগ করে সিটি অব নিউ ইয়র্কের নিয়মাবলীর শিরোনাম 68 এর অধ্যায় 7 সংশোধিত হয়েছে, যা নিম্নরূপে পড়তে হবে:*</u>

<u>**§ 7-08 LINC VI ভাড়া সহায়তা কার্যক্রমের মেয়াদপূর্তি ও প্রত্যাহার**</u>

<u>এই অধ্যায়ের বিধিগুলির মেয়াদ শেষ হবে এবং 31 ডিসেম্বর, 2024 তারিখে এই অধ্যায়টি পুরোপুরি প্রত্যাহার করা হয়েছে বলে ধরে নেওয়া হবে।</u>

***§ 5.** সিটি অব নিউ ইয়র্কের নিয়মাবলীর শিরোনাম 68 এর অধ্যায় 8 (CITYFEPS ও SEPS কার্যক্রমগুলি) প্রত্যাহার করা হল।*

***§ 6.** সিটি অব নিউ ইয়র্কের নিয়মাবলীর শিরোনাম 68 এর অধ্যায় 10 এর ধারা 10-01 থেকে 10-04 সংশোধিত হয়েছে যা নিম্নরূপে পড়তে হবে:*

**§ 10-01 সংজ্ঞাসমূহ।**

এই অধ্যায়ের উদ্দেশ্যগুলির জন্য নিম্নলিখিত পরিভাষার অর্থ নিম্নরূপ <u>হবে</u>:

(ক) "ACS" এর অর্থ নিউ ইয়র্ক সিটি শিশুদের পরিষেবা প্রশাসন (New York City Administration for Children's Services)।

(খ) [একটি "অ্যাপার্টমেন্ট"] "অ্যাপার্টমেন্ট" এর অর্থ একটি SRO বাদে অন্য কোনও ব্যক্তিগত বাসস্থান।

(গ) "কেস ব্যবস্থাপনা পরিষেবা"র অর্থ সেই পরিষেবাগুলি যার মধ্যে পড়ে, (1) চিকিৎসা; (2) যুক্তরাষ্ট্রীয়, স্টেটের বা স্থানীয় সরকারের নথিপত্র, যেমন জন্মের শংসাপত্র, বিবাহের লাইসেন্স ও বাসস্থানের রেকর্ড; এবং (3) খাবার, ওষুধপত্র ও অন্যান্য প্রয়োজনীয় সরবরাহ প্রাপ্ত করায় সহায়তা, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়। এই সব পরিষেবার মধ্যে প্রযোজ্যতা অনুসারে গার্হস্থ্য সহিংসতা, শিশু নির্যাতন ও মানসিক অসুস্থতার মতো সমস্যায় সহায়তা পাওয়াও পড়ে।

[(গ)] (ঘ) "CITYFEPS" এর অর্থ পূর্ববর্ণিত এই শিরোনামের অধ্যায় 8 এর উপ-অধ্যায় ক [প্রতিষ্ঠিত, অনুসারী] সিটি ফ্যামিলি এভিকশন প্রিভেনশন সাপ্লিমেন্ট এর ভাড়া সহায়তা কার্যক্রমগুলি।

[(ঘ)] (ঙ) "CityFHEPS" [এর অর্থ হল এই অধ্যায়ে বর্ণিত CityFHEPS কার্যক্রম।] অথবা "CityFHEPS কার্যক্রম," যখন তা এই অধ্যায়ের উপ-অধ্যায় ক-এ ব্যবহার করা হবে তখন এর অর্থ উপ-অধ্যায় ক-এ বর্ণিত কার্যক্রম, যদি না অন্য কিছু নির্দিষ্ট করা থাকে। এই অধ্যায়ের উপ-অধ্যায় খ-এ ব্যবহার করা হলে "CityFHEPS" বা "CityFHEPS কার্যক্রম" এর অর্থ হল উপ-অধ্যায় খ-এ বর্ণিত কার্যক্রম, যদি না অন্য কিছু নির্দিষ্ট করা থাকে।

[(ঙ)] (চ) [ক] "CityFHEPS এর যোগ্য হওয়ার কার্যক্রম" এর অর্থ [হল] একটি সিটি কার্যক্রম যার কমিশনার একটি কার্যক্রম হিসেবে মনোনীত করেছেন যার থেকে HRA [CityFHEPS] এর জন্য রেফারাল গ্রহণ করবে যে কার্যক্রম এই অধ্যায়ের উপ-অধ্যায় ক-এ বর্ণিত রয়েছে, HRA বা DHS এর কোনও আশ্রয়ে প্রবেশ এড়ানোর অথবা সেখানে থাকা সংক্ষিপ্ত করার জন্য [অথবা কোনও HRA বা DHS আশ্রয়ে থাকা সংক্ষিপ্ত করার জন্য]। "CityFHEPS এর যোগ্য হওয়ার [কার্যক্রমগুলি] কার্যক্রম" এর মধ্যে পড়ে নিম্নলিখিতগুলি, যা ভবিষ্যতে কমিশনার অন্যান্য কার্যক্রমের সঙ্গে মনোনীত করতে পারেন: (1) পারিবারিক পুনর্মিলন, সংরক্ষণ বা স্বাধীন জীবনযাপনের জন্য একটি ACS পরিকল্পনাকে সহজতর করতে ACS এর থেকে পাওয়া রেফারালগুলি; (2) থ্রি-কোয়ার্টার হাউজিং টাস্ক ফোর্সের থেকে পাওয়া রেফারালগুলি; (3) DYCD এর থেকে পাওয়া রেফারালগুলি; অথবা (4) নিউ ইয়র্ক সিটি সংশোধন বিভাগের থেকে পাওয়া রেফারালগুলি।

[(চ)] (ছ) "CityFHEPS ভাড়া সহায়তার অর্থপ্রদান" এর অর্থ হল এই অধ্যায় অনুসারে করা অর্থপ্রদানগুলি[,]।

[(ছ)] (জ) [ক] "CityFHEPS ইউনিট" এর অর্থ [হল] এই অধ্যায় অনুসারে CityFHEPS ভাড়া সহায়তার অর্থপ্রদান প্রযুক্ত হচ্ছে[,] এমন আবাসিক ইউনিটগুলি।

[(জ)] (ঝ) "কমিশনার" এর অর্থ হল DSS এর কমিশনার বা কমিশনারের মনোনীত ব্যক্তি।

[(ঝ)] (ঞ) "DHS" এর অর্থ হল নিউ ইয়র্ক সিটি গৃহহীন পরিষেবা বিভাগ ( New York City Department of Homeless Services)।

[(ঞ)] (ট) [ক] “DHS পারিবারিক আশ্রয়” এর অর্থ [হল] [,] DHS বা তার হয়ে কাজ করে এমন সংস্থা দ্বারা পরিচালিত শিশু রয়েছে এমন পরিবারের বা প্রাপ্তবয়স্কদের পরিবারের আশ্রয়স্থান।

[(ট)] (ঠ) [ক] "DHS একক প্রাপ্তবয়স্কের আশ্রয়" এর অর্থ হল DHS বা তার হয়ে কাজ করে এমন সংস্থা দ্বারা পরিচালিত একক প্রাপ্তবয়স্কদের জন্য আশ্রয়স্থান।

[(ঠ)] (ড) “DSS” এর অর্থ হল নিউ ইয়র্ক সিটি সামাজিক পরিষেবা বিভাগ, যা HRA ও DHS নিয়ে গঠিত একটি সত্তা।

[(ঠ)] (ঢ) "DYCD" এর অর্থ হল নিউ ইয়র্ক সিটি যুব ও কমিউনিটি উন্নয়ন বিভাগ (New York City Department of Youth and Community Development)।

(ঙ) পরিবারের বাড়িওয়ালাকে প্রতি মাসে CityFHEPS ভাড়া সহায়তার রাশি ও পরিবারের ভাড়ার বিয়োগফলের থেকে কোনও PA আশ্রয় ভাতা এবং বাড়িওয়ালাকে প্রদত্ত কোনও তৃতীয়পক্ষের প্রকৃত অবদান থাকলে তা বাদ দিয়ে প্রদান করা আবশ্যক এবং পরিবারটি ঠিকমতো ভাড়া দিতে না পারলে শীঘ্র কমিশনারের কাছে বকেয়া রাশি সম্পর্কে রিপোর্ট করা আবশ্যক।

(চ) পরিবারটি CityFHEPS ইউনিটটি থেকে চলে গেলে তা শীঘ্রই কমিশনারকে অবহিত করা আবশ্যক।

(ছ) কার্যক্রমের অংশগ্রহণকারীকে উচ্ছেদের কাগজপত্র ধরানো হলে তা শীঘ্রই কমিশনারকে অবহিত করা আবশ্যক।

[(জ) সংরক্ষিত]

[(ঝ)] (জ) পরিবারটি যে সমস্ত কাজের সহায়তার অধিকারী সেগুলি সব দায়ের করা আবশ্যক। এর মধ্যে সরকারি সুবিধা ও করের ক্রেডিট যেমন, উপার্জিত আয়কর ক্রেডিট (Earned Income Tax Credit, EITC), শিশু করের

ক্রেডিট (Child Tax Credit, CTC) এবং শিশু পরিচর্যা করের ক্রেডিট (Child Care Tax Credit, CCTC) অন্তর্ভুক্ত থাকতে পারে।

[(ঞ)] (ঝ) পরিবারটির কার্যক্রমে ভাড়াটে-স্বত্ব সংরক্ষণ করার এবং স্বনির্ভর হতে কাজ করার জন্য অংশগ্রহণকারীর যাবতীয় প্রয়োজনীয় ও উপযুক্ত পদক্ষেপ নেওয়া ও যাবতীয় উপযুক্ত পরিষেবা চাওয়া আবশ্যক, যার মধ্যে পড়ে, বদলি কাজ, বাড়িওয়ালা-ভাড়াটে মধ্যস্থতা, আর্থিক কাউন্সেলিং ও উচ্ছেদ-প্রতিরোধী পরিষেবা, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়। পরিবারগুলি তাদের জন্য মনোনীত পরিষেবা বা স্থানীয় হোমবেস(HomeBase) দপ্তর থেকে এইসব পরিষেবার জন্য সহায়তা বা রেফারাল পেতে পারে।

[(ট)] (ঞ) একটি ঘর বা একটি SRO ভাড়া নেওয়া কার্যক্রমের অংশগ্রহণকারীর কমিশনারকে শীঘ্রই অবহিত করা আবশ্যক যদি [তার উদ্দেশ্য] উদ্দেশ্য এই হয় যে তিনি পরিবারে [আঠেরো] 18 বছরের কমবয়সী একজন ব্যক্তিকে যোগ করবেন এবং [ধারা] ধারা 10-10 অনুসারে একটি অ্যাপার্টমেন্টে চলে যাওয়ার অনুমোদনের অনুরোধ করা আবশ্যক।

[(ঠ)] (ট) পরিবারের কোনও সদস্যকে নিউ ইয়র্কের আইন, নিয়মাবলী ও বিধিসমূহের শিরোনাম 18 এর ধারা 452.9 এর অধীনে HRA আশ্রয়ের যোগ্য হিসেবে নির্ধারণ করা হলে পরিবারের সেই গার্হস্থ্য সহিংসতা অপরাধীকে অন্তর্ভুক্ত না করা আবশ্যক যার কারণে সেই নির্ধারণ ঘটেছে।

[(ড)] (ঠ) অন্যথায় পরিবারটির সিটির সঙ্গে CityFHEPS কার্যক্রম পরিচালনায় পুরোপুরি সহযোগিতা করা আবশ্যক।

**§ 10-13 সংস্থার পর্যালোচনা বৈঠক ও DSS প্রশাসনিক আপিল প্রক্রিয়া।**

(ক) DSS প্রশাসনিক পর্যালোচনার অধিকার/ কোনও আবেদনকারী, আশ্রয়বাসী, কার্যক্রমের বর্তমান বা প্রাক্তন অংশগ্রহণকারী বা পরিবারের সদস্য এই [উপ-অধ্যায়] অধ্যায় অনুসারে কোনও নির্ধারণ বা পদক্ষেপ চাওয়ার, তথা যুক্তিসঙ্গত দ্রুততায় এই [উপ-অধ্যায়] অধ্যায়ের বিধিগুলি বাস্তবায়নে কোনও পদক্ষেপ গ্রহণ বা তাতে ব্যর্থতার জন্য সংস্থার পর্যালোচনা বৈঠকের এবং/অথবা DSS প্রশাসনিক শুনানির অনুরোধ জানাতে পারেন।

(খ) সংস্থার পর্যালোচনা বৈঠক।

(1) কোনও ব্যক্তি সংস্থার পর্যালোচনা বৈঠকের অনুরোধ করলে HRA-কে ধারা 10-13(a) [এর উপবিভাগ (ক)] অনুসারে ঘরোয়াভাবে উত্থাপিত বিষয়গুলি পর্যালোচনা করতে এবং সমাধান করার প্রয়াস করতে হবে।

(2) কোনও ব্যক্তি DSS প্রশাসনিক শুনানির অনুরোধ ছাড়াই একটি সংস্থার পর্যালোচনা বৈঠকের অনুরোধ জানাতে পারেন। একটি সংস্থার পর্যালোচনা বৈঠকের অনুরোধ জানালে তা সেই ব্যক্তির জন্য পরবর্তীকালে কোনও DSS প্রশাসনিক শুনানির অনুরোধ জানানোর ক্ষেত্রে বাধা হবে না।

(3) নির্ধারণ বা পদক্ষেপকে চ্যালেঞ্জ করার পরের ষাট দিনের মধ্যে একটি সংস্থার পর্যালোচনা বৈঠকের অনুরোধ জানানো আবশ্যক, তবে তা এই শর্তে যে DSS প্রশাসনিক শুনানির সময়সূচি নির্ধারিত হয়ে থাকলে শুনানির নির্ধারিত তারিখের আগে সংস্থার পর্যালোচনা বৈঠকের অনুরোধ করা আবশ্যক।

(4) একটি সংস্থার পর্যালোচনা বৈঠকের অনুরোধ একটি DSS প্রশাসনিক শুনানির অনুরোধ করার সময় সংস্থার পর্যালোচনা বৈঠকের তারিখের পরের ষাট দিন পর্যন্ত বর্ধিত করবে, যেমনটা [এর উপবিভাগ (গ) এর অনুচ্ছেদ (2)] ধারা 10-13(c)(2)-এ ঘোষিত রয়েছে।

(গ) একটি DSS প্রশাসনিক শুনানির অনুরোধ।

(1) একটি প্রশাসনিক শুনানির অনুরোধ লিখিতভাবে করা আবশ্যক। এরূপ লিখিত অনুরোধ ডাকযোগে, বৈদ্যুতিন উপায়ে বা ফ্যাক্স করে অথবা অন্য কোনও উপায়ে জমা দেওয়া আবশ্যক, যেমনটা DSS আপিলের বিজ্ঞপ্তিতে ঘোষণা করতে পারে।

(2) [এর উপবিভাগ (গ) এর অনুচ্ছেদ (4)] ধারা 10-13(b)(4) এর প্রবিধান ছাড়া, একটি প্রশাসনিক শুনানির অনুরোধ বিরোধিতা করা নির্ধারণের বা পদক্ষেপ নেওয়ার পরের ষাট দিনের মধ্যে করা আবশ্যক।

(ঘ) অনুমোদিত প্রতিনিধি।

(1) যেখানে একটি লিখিত অনুমোদন নির্বাহ করা অসম্ভব সেখানে ছাড়া, এই ধারার অধীনে বৈঠক বা শুনানির অনুরোধকারী ব্যক্তির প্রতিনিধিত্ব করতে চাইছেন এমন কোনও ব্যক্তি বা সংস্থার একটি সংস্থার পর্যালোচনা বৈঠক অথবা প্রশাসনিক শুনানিতে তার প্রতিনিধিত্ব করতে এবং [তার] তাদের কেস রেকর্ড পর্যালোচনা করতে ব্যক্তির কাছ থেকে লিখিত অনুমোদন নেওয়া আবশ্যক, যদি সেই ব্যক্তির কোনও অ্যাটর্নির কাছ থেকে এই ধরনের লিখিত অনুমোদন নেওয়ার প্রয়োজন না হয়। এমন কোনও অ্যাটর্নির কোনও কর্মীর সেই অ্যাটর্নির লিখিত অনুমতি উপস্থাপন করলে অথবা সেই অ্যাটর্নি DSS-কে তার কর্মীর অনুমোদন সম্পর্কে ফোনে জানালে তিনি অনুমোদিত প্রতিনিধি বলে বিবেচিত হবেন।

(2) কোনও ব্যক্তি বা সংস্থাকে একটি সংস্থার পর্যালোচনা বৈঠক বা প্রশাসনিক শুনানিতে একজন ব্যক্তির প্রতিনিধিত্ব করার অনুমোদন দেওয়া হয়েছে এই মর্মে DSS-কে জানানো হলে এরূপ প্রতিনিধি DSS কর্তৃক সেই ব্যক্তিকে পাঠানো বৈঠকের বা শুনানির সংশ্লিষ্ট যাবতীয় চিঠিপত্রের প্রতিলিপি পাবেন।

(ঙ) [ধারাবাহিক সহায়তা] ধারাবাহিক সহায়তা।

(1) কার্যক্রমের কোনও অংশগ্রহণকারী CityFHEPS ভাড়া সহায়তার অর্থরাশি কমানো, সীমিত করা, স্থগিত করা বা বন্ধ করা হবে এমন নির্ধারণের ক্ষেত্রে প্রশাসনিক আপিলের অনুরোধ জানালে কার্যক্রমের সেই অংশগ্রহণকারীর [উপ-বিভাগ (ঠ) এর] 10-13(l) অনুসারে শুনানির সিদ্ধান্ত জারির আগে পর্যন্ত নির্ধারণের সময় কার্যকর CityFHEPS ভাড়া সহায়তার অর্থরাশি ধারাবাহিকভাবে পাওয়ার অধিকার থাকবে, তবে তা এই শর্তে যে:

(ক) সেই নির্ধারণের বিজ্ঞপ্তি ডাকে দেওয়ার দশ দিনের মধ্যে কার্যক্রমে অংশগ্রহণকারী যেন প্রশাসনিক শুনানির আবেদন করেন; এবং

(খ) আবেদনটি যদি ভুল গণনা অথবা ভুল তথ্যসংক্রান্ত নির্ধারণের ভিত্তিতে করা হয়।

(2) যেখানে আপিলের একমাত্র সমস্যা স্থানীয়, স্টেটের বা যুক্তরাষ্ট্রীয় আইন বা নীতি অথবা যেখানে স্থানীয়, স্টেটের বা যুক্তরাষ্ট্রীয় আইনের পরিবর্তন, সেক্ষেত্রে এই উপবিভাগ অনুসারে CityFHEPS ভাড়া সহায়তার অর্থ পাওয়ার অধিকার অব্যাহত থাকবে না।

(3) শুনানির কোনও সিদ্ধান্ত জারি না করা পর্যন্ত CityFHEPS ভাড়া সহায়তার অর্থপ্রদান অব্যাহত থাকবে না যখন:

(ক) কার্যক্রমের অংশগ্রহণকারী লিখিতভাবে স্বেচ্ছায় তাদের সেই সহায়তা অব্যাহত রাখার অধিকার পরিত্যাগ করেন; অথবা

(খ) কার্যক্রমের অংশগ্রহণকারী প্রশাসনিক শুনানিতে অনুপস্থিত থাকেন এবং অনুপস্থিত থাকার যুক্তিসঙ্গত কারণ দেখাতে না পারেন।

(4) কার্যক্রমের কোনও অংশগ্রহণকারী [এর উপবিভাগ (ড)] ধারা 10-13(m) অনুসারে অতিরিক্ত আপিলের অনুরোধ করলে সেই [এর উপবিভাগ (ঠ)] ধারা 10-13(m) অনুসারে একটি লিখিত সিদ্ধান্ত জারি না করা পর্যন্ত শুনানির সিদ্ধান্ত জারির পরেও CityFHEPS ভাড়া সহায়তার অর্থপ্রদান অব্যাহত থাকবে।

(চ) বিজ্ঞপ্তি/ DSS প্রশাসনিক শুনানির নির্ধারিত তারিখের আগের কমপক্ষে সাতটি ক্যালেন্ডার দিবসের মধ্যে অনুরোধকারী ব্যক্তিকে প্রশাসনিক শুনানির বিজ্ঞপ্তিতে তারিখ, সময় ও স্থান জানাবে, যদি না প্রশাসনিক শুনানির অনুরোধের সঙ্গে সংশ্লিষ্ট সমস্যার সমাধান হয়ে যায় এবং সেই ব্যক্তি তাদের শুনানির অনুরোধ প্রত্যাহার করে নেন।

(ছ) কেস রেকর্ড পরীক্ষা করা/ এই ধারার অধীনে বৈঠকের বা শুনানির অনুরোধকারী ব্যক্তির বা তাদের অনুমোদিত প্রতিনিধির তাদের CityFHEPS [কার্যক্রমের] কার্যক্রমের কোনও কেস ফাইল থাকলে তা এবং HRA প্রশাসনিক শুনানিতে ব্যবহার করতে চায় এমন যাবতীয় নথিপত্র ও রেকর্ড পরীক্ষা করার অধিকার থাকবে। টেলিফোনে বা

লিখিতভাবে অনুরোধের প্রেক্ষিতে HRA এরূপ ব্যক্তিকে HRA এর কাছে থাকা এরূপ যাবতীয় নথিপত্র এবং যে কোনও অতিরিক্ত নথির প্রতিলিপি প্রদান করবে যা সেই ব্যক্তি সনাক্ত করবেন এবং প্রশাসনিক শুনানির প্রস্তুতির উদ্দেশ্যে যার অনুরোধ জানাবেন। HRA প্রশাসনিক শুনানির যুক্তিসঙ্গত সময় আগে বিনা মাশুলে সেই নথিপত্র প্রদান করবে। প্রশাসনিক শুনানির পাঁচটি কর্মদিবসের কম সময় আগে সেই নথিপত্রের অনুরোধ করা হলে HRA এর সেই ব্যক্তিকে প্রশাসনিক শুনানির পরে নয় এমন কোনও সময়ে নথিপত্রের প্রতিলিপি প্রদান করা আবশ্যক।

(জ) মুলতুবি করা। প্রশাসনিক শুনানি আধিকারিক তার নিজের প্রস্তাবের পিছনে যুক্তিসঙ্গত কারণ থাকলে অথবা শুনানির অনুরোধকারী ব্যক্তির বা তাদের অনুমোদিত প্রতিনিধির অথবা HRA এর অনুরোধের প্রেক্ষিতে প্রশাসনিক শুনানি মুলতবি করতে পারেন।

(ঝ) প্রশাসনিক শুনানি পরিচালনা।

(1) প্রশাসনিক শুনানি DSS কর্তৃক নিযুক্ত কোনও নিরপেক্ষ শুনানি আধিকারিকের দ্বারা পরিচালিত হবে, যার শপথ গ্রহণ করানোর ও সপিনা জারির ক্ষমতা থাকবে এবং বিরোধিতা করা নির্ধারণের বা ব্যবস্থা নেওয়ার তথ্য সম্পর্কে যার আগে থেকে ব্যক্তিগতভাবে কিছু জানা থাকবে না।

(2) প্রশাসনিক শুনানি ঘরোয়াভাবে হবে, যাবতীয় প্রাসঙ্গিক ও ভৌত প্রমাণ গ্রহণযোগ্য হবে এবং প্রমাণ সংক্রান্ত আইনি নিয়ম প্রযোজ্য হবে না। প্রশাসনিক শুনানি সুনির্দিষ্ট নির্ধারণের(গুলির) বিষয়ে উত্থাপিত সংশ্লিষ্ট ঘটনা ও আইনি সমস্যার মধ্যে সীমিত থাকবে যার জন্য প্রশাসনিক শুনানির অনুরোধ জানানো হয়েছে।

(3) শুনানির অনুরোধকারী ব্যক্তির কৌঁসুলি বা অন্য প্রতিনিধি দ্বারা প্রতিনিধিত্ব পাওয়ার, সাক্ষ্য দেওয়ার, সাক্ষ্য দেওয়ার জন্য সাক্ষী ডাকার, তথ্যমূলক প্রমাণ পেশ করার, HRA দ্বারা উপস্থাপিত প্রমাণের বিরুদ্ধে প্রমাণ পেশ করার, শুনানি আধিকারিককে সপিনা জারির অনুরোধ করার এবং HRA প্রস্তাবিত নথিপত্র পরীক্ষা করার অধিকার রয়েছে।

(4) প্রশাসনিক শুনানির অডিও রেকর্ডিং, অডিও-ভিজুয়াল রেকর্ডিং বা লিখিত ট্রানস্ক্রিপ্ট তৈরি করা হবে।

(ঞ) প্রশাসনিক শুনানির অনুরোধ পরিত্যাগ করা।

[(1) শুনানির অনুরোধকারী বা তার অনুমোদিত প্রতিনিধির কেউই প্রশাসনিক শুনানিতে উপস্থিত না থাকলে DSS প্রশাসনিক শুনানি পরিত্যাগের কোনও অনুরোধ বিবেচনা করবে, যদি না সেই ব্যক্তি বা তার অনুমোদিত প্রতিনিধি:

(ক) প্রশাসনিক শুনানির আগে DSS এর সঙ্গে যোগাযোগ করে প্রশাসনিক শুনানির সময় পরিবর্তনের অনুরোধ করেন; অথবা

(খ) DSS এর সঙ্গে প্রশাসনিক শুনানির তারিখের আগের পনেরোটি ক্যালেন্ডার দিবসের মধ্যে যোগাযোগ করেন এবং নির্ধারিত তারিখে প্রশাসনিক শুনানিতে উপস্থিত না হওয়ার যুক্তিসঙ্গত কারণ জানিয়ে রাখেন।

(2) শুনানির অনুরোধকারী ব্যক্তি বা তাদের অনুমোদিত প্রতিনিধি এই উপবিভাগের অনুচ্ছেদ (1) এর প্রয়োজনীয়তা পূরণ করলে DSS কেসটিকে ক্যালেন্ডার অনুযায়ী পুনরায় খুলবে।]

কার্যক্রমের অংশগ্রহণকারী বা তাদের অনুমোদিত প্রতিনিধির কেউই শুনানিতে উপস্থিত না হলে শুনানির তারিখের আগে একটি প্রশাসনিক শুনানির সময় বদলের অনুরোধের অনুপস্থিতিতে DSS একটি প্রশাসনিক শুনানির অনুরোধ পরিত্যাগের কথা বিবেচনা করবে। যদিও, কার্যক্রমের অংশগ্রহণকারী বা তাদের অনুমোদিত প্রতিনিধি শুনানির নির্ধারিত তারিখের আগের পনেরোটি ক্যালেন্ডার দিবসের মধ্যে DSS এর সঙ্গে যোগাযোগ করলে এবং শুনানিতে উপস্থিত না হওয়ার যুক্তিসঙ্গত কারণ দেখালে DSS কেসটিকে ক্যালেন্ডার অনুসারে পুনরায় খুলবে।

(ট) শুনানির রেকর্ড। শুনানির রেকর্ডিং বা লিখিত ট্রানস্ক্রিপ্ট, শুনানির সঙ্গে সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র ও দাখিল করা অনুরোধ এবং শুনানির সিদ্ধান্ত সম্মিলিতভাবে প্রশাসনিক শুনানির পূর্ণ ও স্বতন্ত্র রেকর্ড গঠন করে।

(ঠ) শুনানির সিদ্ধান্ত। শুনানি আধিকারিক কেবলমাত্র শুনানির রেকর্ডের ভিত্তিতে একটি সিদ্ধান্ত প্রদান করবেন। সিদ্ধান্তটি লিখিতভাবে হওয়া আবশ্যক এবং সেটিতে প্রশাসনিক শুনানির সমস্যাগুলি, প্রাসঙ্গিক তথ্যসমূহ এবং প্রযোজ্য আইন, বিধি ও অনুমোদিত নীতি, কিছু থেকে থাকলে, ঘোষিত থাকা আবশ্যক যেগুলির উপর ভিত্তি করে সিদ্ধান্তটি নেওয়া হয়েছে। সিদ্ধান্তটিতে কোন সমস্যা নির্ধারণ করা হবে তা সনাক্ত করা, তথ্য অনুসন্ধান করা, নির্ধারণের কারণ বিবৃত করা এবং উপযুক্ত হলে HRA-কে সুনির্দিষ্ট পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেওয়া আবশ্যক।

(1) সিদ্ধান্তের একটি করে প্রতিলিপি প্রত্যেক পক্ষ ও তাদের অনুমোদিত প্রতিনিধি থাকলে তাদের কাছে পাঠানো হবে। সিদ্ধান্তের মধ্যে থাকবে শুনানির অনুরোধকারী ব্যক্তির প্রতি পরবর্তী আপিল করার অধিকার ও সেই অধিকারের অনুরোধের প্রণালী সহ একটি লিখিত বিজ্ঞপ্তি।

(2) HRA শুনানির সেই সিদ্ধান্তের দ্বারা আবদ্ধ নয় যা শুনানি আধিকারিকের কর্তৃত্বকে ছাড়িয়ে যায় অথবা যা যুক্তরাষ্ট্রীয়, স্টেটের বা স্থানীয় আইনের বা এই নিয়মাবলীর বিপরীত। HRA শুনানির সিদ্ধান্তের দ্বারা আবদ্ধ নয় বলে কমিশনার নির্ধারণ করলে কমিশনার শুনানির অনুরোধকারী ব্যক্তিকে সেই নির্ধারণ ও তার কারণগুলি দ্রুত অবহিত করবেন। সেই বিজ্ঞপ্তি লিখিত আকারে হবে এবং সেই ব্যক্তিকে বিচারবিভাগীয় পর্যালোচনার অধিকার সম্পর্কে জানাবে।

(ড) অতিরিক্ত আবেদন।

(1) কোনও শুনানি আধিকারিকের সিদ্ধান্তের বিরুদ্ধে কমিশনারের কাছে [সেটি DSS এর দ্বারা গৃহীত হয়েছে] লিখিতভাবে আপিল করা যাবে, তবে তা এই শর্তে যে তা যেন শুনানির সিদ্ধান্তের সঙ্গে দেওয়া বিজ্ঞপ্তিতে বর্ণিত প্রণালীর মাধ্যমে DSS শুনানি আধিকারিকের সিদ্ধান্ত পাঠানোর পরের পনেরোটি কর্মদিবসের মধ্যে <u>কমিশনারের দ্বারা গৃহীত হয়</u>। কমিশনারের কাছে থাকা রেকর্ডে শুনানির রেকর্ড, শুনানি আধিকারিকের সিদ্ধান্ত এবং যে কোন হলফনামা, দালিলিক সাক্ষ্য-প্রমাণ অথবা আবেদনকারী বা কার্যক্রমে অংশগ্রহণকারী দাখিল করতে চান এমন লিখিত যুক্তি থাকবে।

(2) কমিশনার শুনানির রেকর্ড এবং আবেদনকারী বা কার্যক্রমের অংশগ্রহণকারী [এবং] <u>অথবা</u> HRA এর দ্বারা জমা করা কোনও অতিরিক্ত নথির ভিত্তিতে লিখিত সিদ্ধান্তের রায় দেবেন।

(3) আবেদনকারী বা কার্যক্রমের অংশগ্রহণকারীর বিচারবিভাগীয় পর্যালোচনার অধিকারের একটি লিখিত বিজ্ঞপ্তি সহ <u>কমিশনারের</u> সিদ্ধান্তের একটি প্রতিলিপি প্রত্যেক পক্ষের কাছে এবং তাদের কোনও অনুমোদিত প্রতিনিধি থাকলে তাদের কাছে পাঠানো হবে।

(4) এই ধারার অধীনে আবেদন সাপেক্ষে কমিশনারের সিদ্ধান্ত[,] জারির পরে চূড়ান্ত ও HRA এর পক্ষে বাধ্যতামূলক হবে এবং HRA এর তা মেনে চলা আবশ্যক হবে।

**§ 10-14 বাড়িওয়ালার প্রয়োজনীয়তাগুলি।**

(ক) যে বাড়িওয়ালা CityFHEPS ভাড়া সহায়তা প্রাপক একটি পরিবারের সঙ্গে একটি লিজ বা অন্যান্য ভাড়ার চুক্তি স্বাক্ষর করেছেন তার পক্ষে পরিবারের গঠনে পরিবর্তন নির্বিশেষে লিজ বা ভাড়ার চুক্তিতে নির্ধারিত কোনও ভাড়া বা যুক্তিসঙ্গত ফি এর বেশি কোনও অর্থরাশি দাবি করা, অনুরোধ করা অথবা নেওয়া নিষিদ্ধ।

(খ) HRA মাসিক CityFHEPS ভাড়া সহায়তার অর্থপ্রদান এবং মাসিক PA আশ্রয় ভাতার অর্থপ্রদান (কিছু থেকে থাকলে) মাসের শেষ দিনের মধ্যে পূর্ণ পরিমাণে জারি করলে এই অর্থপ্রদানগুলি CityFHEPS ইউনিট লিজের কোনও প্রবিধান-বিরুদ্ধ হওয়া নির্বিশেষে সেই মাসের CityFHEPS ইউনিটের ভাড়া সময়মতো প্রদান করা হয়েছে বলে ধরে নেওয়া হবে।

(গ) বাড়িওয়ালাদের [করতে হবে] নগদ নিরাপত্তা আমানতের বদলে HRA নিরাপত্তা ভাউচার গ্রহণ করা <u>আবশ্যক</u> এবং তারা ক্লায়েন্টের কাছে কোনও অতিরিক্ত নিরাপত্তা রাশির অনুরোধ করতে পারবেন না।

(ঘ) বাড়িওয়ালার, HRA ও পরিবার, উভয়ের আগাম লিখিত অনুমোদন ছাড়া পরিবারটিকে একটি ইউনিট থেকে অন্য একটিতে সরিয়ে না দেওয়া আবশ্যক।

(ঙ) বাড়িওয়ালার এটা জানার 5টি কার্যদিবসের মধ্যে HRA-কে এটা জানানো আবশ্যক যে পরিবারটি আর সেই ইউনিটে বসবাস করছে না যার প্রতি CityFHEPS ভাড়া সহায়তা প্রয়োগ করা হচ্ছে।

(চ) কার্যক্রমে অংশগ্রহণকারীর ভাড়াটে-স্বত্বকে প্রভাবিত করা কোনও আইনি মামলা আরম্ভ হলে বাড়িওয়ালার তা জানার 5টি কার্যদিবসের মধ্যে HRA-কে তা জানানো আবশ্যক।

(ছ) বাড়িওয়ালা, সাবজেক্ট প্রাঙ্গনের মালিক বা সাবজেক্ট প্রাঙ্গন পরিচালক কোম্পানি বদলে গেলে বাড়িওয়ালার HRA-কে তা জানানো আবশ্যক।

(জ) পরিবারটি CityFHEPS ইউনিটে আর বসবাস না করলে বাড়িওয়ালার সেই পরিবার যে সময় ধরে ঐ ইউনিটে বসবাস করছে না সেই সময়কাল বাবদ HRA এর থেকে পাওয়া যে কোনও অর্থ ফেরত দেওয়া আবশ্যক।

(ঝ) বাড়িওয়ালার এমন যে কোনও বাড়তি অর্থ সিটিকে শীঘ্র ফেরত দেওয়া আবশ্যক, যার মধ্যে পড়ে ভুল করে প্রদান করা অর্থ অথবা CityFHEPS কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্টভাবে বাড়িওয়ালার দ্বারা বেঠিক, বিভ্রান্তিকর বা অসম্পূর্ণ তথ্যপ্রদানের ফলে দেওয়া অর্থ, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়।

(ঞ) বাড়িওয়ালাদের তাদের প্রয়োজনীয়তাগুলির কোনোটি লঙ্ঘনের কারণে সিটির ভাড়া সহায়তা কার্যক্রমে অংশগ্রহণের থেকে নিষিদ্ধ করা হতে পারে। কোনও বাড়িওয়ালাকে অযোগ্যের তালিকায় ফেলার আগে HRA লিখিতভাবে বাড়িওয়ালাকে লিখিত বিজ্ঞপ্তি দেবে এবং বাড়িওয়ালাকে লিখিতভাবে বিরোধিতা করার সুযোগ দেবে।

**§ 10-15 অতিরিক্ত বিধিসমূহ।**

(ক) যেখানে ভর্তুকি সংযুক্ত করা ব্যবহারযোগ্য এবং আইনবিরুদ্ধ নয় এমন ক্ষেত্রে কমিশনারের আগাম অনুমোদন ছাড়া CityFHEPS ভাড়া সহায়তাকে অন্য কোনও ভাড়ার ভর্তুকির সঙ্গে সংযুক্ত করা যাবে না, [তবে] তা এই ব্যতিক্রম ছাড়া যে CityFHEPS ভাড়া সহায়তা নিউ ইয়র্কের আইন, নিয়মাবলী ও বিধিসমূহের শিরোনাম 18 এর ধারা 352.3 অনুসারে কোনও PA আশ্রয় ভাতার সঙ্গে[,] একত্রে প্রদান করা হয় এবং সেই ভাড়ার প্রতি প্রয়োগ করা যাবে যা SCRIE বা DRIE কার্যক্রম অনুসারে ফ্রিজ করা হয়েছে যেখানে পরিবারটি অন্যথায় CityFHEPS কার্যক্রমের যোগ্য।

(খ) আবেদনকারী ও আশ্রয়ের বাসিন্দাদের উপর সম্ভাব্য আবাসন সনাক্ত করার দায়িত্ব থাকবে। যদিও, আশ্রয়ের কর্মীরা HRA ও DHS আশ্রয়ের বাসিন্দাদের তাদের আবাসন খুঁজতে সহায়তা করেন। তদতিরিক্ত, আশ্রয়ের বাসিন্দা ও অন্যান্যদের [যা] যাদের CityFHEPS ভাড়া সহায়তার যোগ্য বলে সনাক্ত করা হয়েছে তাদের একটি CityFHEPS ক্রয়পত্র প্রদান করা হবে।

(গ) CityFHEPS [কার্যক্রমের] কার্যক্রমের জন্য HRA কোনও অপেক্ষাতালিকা বজায় রাখবে না।

(ঘ) CityFHEPS ভাড়া সহায়তা পাওয়ার যোগ্য হতে পারে এমন পরিবারের সংখ্যা [এই ধারার অধীনে] উপলভ্য অর্থরাশি অনুসারে সীমিত থাকবে।

(ঙ) এই নিয়ম কার্যকর হওয়ার তারিখে অনুমোদনযোগ্য ভাড়া সংক্রান্ত সরকারি বিধিসমূহ সাপেক্ষে একটি ইউনিটের লিজের ধারক কোনও LINC VI কার্যক্রমের অংশগ্রহণকারীকে তাদের CityFHEPS এর যোগ্যতার প্রতি কোনও পূর্বধারণা

ছাড়া ভাড়া স্থির করতে স্থানীয়, স্টেটের বা যুক্তরাষ্ট্রীয় আইনে অনুমোদিত কোনও সরকারি সত্তার দ্বারা অনুমোদিত হারে তাদের লিজ পুনর্নবীকরণ গ্রহণের অনুমতি দেওয়া হবে।

(চ) CityFHEPS [কার্যক্রমে] কার্যক্রমে থাকা পরিবারগুলিকে সেই পরিষেবা প্রদানকারীদের কাছে পাঠানো হবে যারা তাদেরকে তাদের কমিউনিটির মধ্যে উপযোগী পরিষেবার সঙ্গে যোগাযোগ করিয়ে দেবেন।

(ছ) HRA বাড়িওয়ালাদের CityFHEPS [কার্যক্রমে] কার্যক্রমে অংশ নেওয়ার জন্য প্রণোদনা প্রদান করলে সেই প্রণোদনা এমন কোনও ইউনিটের ভাড়ার ক্ষেত্রে পাওয়া যাবে না যেখানে আগেকার ভাড়াটে CityFHEPS পাচ্ছিলেন[, এই শিরোনামের অধ্যায় 7 বা 8 এর অধীনে FHEPS ভা ভাড়া সহায়তা,] যদি না বাড়িওয়ালা সেই ভাড়াটের লিজ পুনর্নবীকরণ না করার জন্যে লিজের গুরুতর বা বারংবার করা লঙ্ঘনের মতো যুক্তিসঙ্গত কারণ দেখাতে পারেন। সাধারণত যুক্তিসঙ্গত কারণ পাওয়া যায় না, যদি না বাড়িওয়ালা ভাড়াটেকে পুনর্নবীকরণ না করার কারণ সহ 30 দিনের পুনর্নবীকরণ না করার অভিপ্রায়ের লিখিত বিজ্ঞপ্তি দিয়ে থাকেন।

(জ) এই অধ্যায়ের কোনও প্রবিধানের বিরোধিতা সত্ত্বেও, HRA তার বিবেচনামতো সেই ইউনিটের বাড়িওয়ালাদের অর্থ পেশ করতে পারে যা কোনও নিয়ামক চুক্তি বা অনুরূপ দলিল অনুসারে [নিউ ইয়র্ক সিটি আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগ ("HPD")/নিউ ইয়র্ক সিটি আবাসন উন্নয়ন নিগম ("HDC")] HPD/HDC বিপণনের হ্যান্ডবুক (Marketing Handbook) সাপেক্ষ, যার জন্য HPD বা HDC এর কোনও লটারির বা তার পরবর্তী ব্যবস্থার বদলে গৃহহীন ব্যক্তি বা পরিবারগুলিকে দিয়ে ইউনিটগুলি ভর্তি করার প্রয়োজন হয় বা অনুমোদন দেওয়া হয়, যেখানে ধারা 10-05 এর অধীনে CityFHEPS ও নিয়ন্ত্রক ভাড়ার মধ্যেকার তফাৎ পূরণ করতে এই অর্থপ্রদানের প্রয়োজন হয়। সেইসব ক্ষেত্রে, সেই ইউনিটের ভাড়া CityFHEPS এর প্রাথমিক প্রয়োগের সময় সহ ধারা 10-05-এ ঘোষিত সর্বাধিক ভাড়াকে ছাড়িয়ে যেতে পারে, কিন্তু তা নিয়ন্ত্রক ভাড়াকে ছাড়িয়ে যেতে পারবে না।

(ঝ) কোনও বাড়িওয়ালা পরিবারের কোনও সদস্যের স্ত্রী/স্বামী, গার্হস্থ্য সঙ্গী, সন্তান, সৎ-পিতা/মাতা, পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহী, ভাই/বোন বা সৎ ভাই/বোন হতে পারবেন না। যুক্তিসঙ্গত কারণে এই প্রয়োজনীয়তায় ছাড় দেওয়া যেতে পারে।

***§ 11.*** *একটি নতুন উপ-অধ্যায় খ যোগ করে সিটি অব নিউ ইয়র্কের নিয়মাবলীর শিরোনাম 68 এর অধ্যায় 10 সংশোধিত হয়েছে, যা নিম্নরূপে পড়তে হবে:*

## উপ-অধ্যায় থ

## CITYFHEPS: প্রকল্প-ভিত্তিক ভাড়া সহায়তা

### § 10-16 উপ-অধ্যায় থ ইউনিটগুলি।

(ক) HRA নিউ ইয়র্ক সিটিতে বিশেষ কিছু আবাসন ইউনিটকে উপ-অধ্যায় থ ইউনিট হিসেবে মনোনীত করবে যাদের প্রতি এই উপ-অধ্যায়ের অধীনে ভাড়া সহায়তা প্রয়োগ করা যেতে পারে। উপ-অধ্যায় থ ইউনিটগুলি স্বেচ্ছাসেবী প্রদানকারীদের দ্বারা সিটির সঙ্গে চুক্তির ভিত্তিতে পরিচালিত হবে এবং DHS আশ্রয়গুলির মধ্যেকার সেই নির্দিষ্ট জনতাকে নিশানা করা হবে যারা ধারা 10-03(a)(1)-(6) বা ধারা 10-04(a) এর অধীনে ঘোষিত প্রয়োজনীয়তা পূরণ করেন। উপ-অধ্যায় থ ইউনিটগুলি একটি গোটা ইমারত অথবা একটি ইমারতের যথেষ্ট সংখ্যক ইউনিট নিয়ে গঠিত হতে পারে। HRA প্রদানকারীর ধারণক্ষমতা, ভৌগোলিক অবস্থান ও সাংগঠনিক ক্ষমতার প্রদর্শিত মাত্রার ভিত্তিতে এবং সিটির সেরা স্বার্থে উপ-অধ্যায় থ ইউনিটগুলিকে মনোনীত করবে।

(খ) উপ-অধ্যায় থ ইউনিটগুলির ভাড়াটেদের কোনও উপ-অধ্যায় থ প্রদানকারীর সঙ্গে দখলিস্বত্বের চুক্তি বা ভাড়া-সুস্থিত করা লিজ থাকা আবশ্যক। ভাড়া চুক্তির মাধ্যমে স্থির করা হবে এবং ইউনিটটির আইনসম্মত ভাড়া বা ধারা 10-05 অনুসারে HRA এর স্থির করা সর্বাধিক ভাড়ার মধ্যে যেটি কম তার সমান হবে।

(গ) উপ-অধ্যায় থ প্রদানকারীদের উপ-অধ্যায় থ ইউনিটগুলির ভাড়াটেদের জন্য কেস ব্যবস্থাপনা পরিষেবা উপলভ্য করা আবশ্যক।

### § 10-17 প্রাথমিক যোগ্যতা।

এই উপ-অধ্যায়ের অধীনে CityFHEPS ভাড়া সহায়তার প্রথম বছরের জন্য যোগ্য হতে কোনও পরিবারের ধারা 10-03(a)(1)-(6) বা ধারা 10-04(a) এর প্রয়োজনীয়তাগুলি পূরণ করা এবং HRA এর থেকে রেফারাল পাওয়ার পর একটি উপ-অধ্যায় থ ইউনিটের জন্য আবেদন করা এবং তাতে গৃহীত হওয়া আবশ্যক।

### § 10-18 CityFHEPS ভাড়া সহায়তার প্রদেয় অর্থরাশি গণনা।

(ক) একটি পরিবারের হয়ে এই উপ-অধ্যায়ের অধীনে মাসিক CityFHEPS ভাড়া সহায়তার প্রদেয় অর্থরাশি ধারা 10-06(a) ও (b) অনুসারে, ধারা 10-05-এ ঘোষিত সর্বাধিক ভাড়া ব্যবহার করে গণনা করা হবে।

(খ) ধারা 10-20-এ যা বলা রয়েছে তা ছাড়া পুনর্নবীকরণ না করা পর্যন্ত পরিবারের গঠনে, আয়ে, সর্বাধিক মাসিক ভাড়ায় বা উপ-অধ্যায় থ ইউনিটের প্রকৃত ভাড়ায় পরিবর্তন না হওয়া পর্যন্ত পরিবারের CityFHEPS ভাড়া সহায়তার অর্থরাশি বদলাবে না।

(গ) মাসিক CityFHEPS ভাড়া সহায়তার রাশি সিটি ও উপ-অধ্যায় থ ইউনিট পরিচালক স্বেচ্ছাসেবী প্রদানকারীর মধ্যেকার চুক্তি অনুসারে প্রদান করা হবে। কোনও পরিবার একটি উপ-অধ্যায় থ ইউনিট ছেড়ে গেলে HRA প্রদানকারীর প্রতি প্রদেয় ভাড়ার অর্থের ফাঁক একেবারে কম বা দূর করতে প্রদানকারীকে আরেকটি যোগ্য পরিবার বরাদ্দ করায় সহায়তা করার যাবতীয় যুক্তিসঙ্গত প্রয়াস করবে।

**§ 10-19 পুনর্নবীকরণ ও ফিরিয়ে দেওয়া।**

(ক) অর্থরাশির উপলভ্যতার উপর ভিত্তি করে, একটি পরিবার এই উপ-অধ্যায়ের অধীনে CityFHEPS ভাড়া সহায়তার ক্ষেত্রে সেই সহায়তার বার্ষিক পুনর্নবীকরণ পাবে, যতক্ষণ পরিবারটি নিম্নলিখিত প্রয়োজনীয়তা পূরণ করা অব্যাহত রাখবে:

(1) পরিবারটি কার্যক্রমের প্রয়োজনীয়তাগুলি বাস্তবিক মেনে চলছে; এবং

(2) পরিবারটি CityFHEPS ভাড়া সহায়তার অর্থ পাওয়ার জন্য অনুমোদিত ইউনিটে বসবাস করতে থাকছে এবং ইউনিটটি উপ-অধ্যায় থ ইউনিট হিসেবে মনোনীত হতে থাকছে।

(খ) পরিবারটি কার্যক্রমের প্রয়োজনীয়তাগুলি বাস্তবিক প্রতিপালন না করলে কমিশনার তার নিজস্ব বিবেচনায় পরিবারটির CityFHEPS কার্যক্রমে অংশ নেওয়ার পুনর্নবীকরণ করতে পারেন যদি পরিবারটি কার্যক্রমের প্রয়োজনীয়তাগুলি মেনে চলতে না পারার যুক্তিসঙ্গত কারণ প্রতিষ্ঠা করতে পারে, যা নিউ ইয়র্কের আইন, নিয়মাবলী ও বিধিসমূহের শিরোনাম 18 এর ধারা 351.26 এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

(গ) অর্থরাশির উপলভ্যতা সাপেক্ষে, কোনও পরিবারকে এই উপ-অধ্যায়ের অধীনে CityFHEPS এর জন্য পুনর্নবীকরণ করা না হলে পরিবারটিকে সমাপনের একবছরের মধ্যে তা ফিরিয়ে দেওয়া হতে পারে যদি তারা ফিরিয়ে দেওয়ার আবেদন করার সময় এই উপ-অধ্যায়ের অধীনে পুনর্নবীকরণের প্রয়োজনীয়তা পূরণ করেন, শুধু এই ক্ষেত্রে ছাড়া যে সমাপ্ত করা পরিবারটি ধারা 10-20(e) অনুসারে তারা ফিরিয়ে দেওয়ার আবেদন করার সময় এই উপ-অধ্যায়ের অধীনে পুনর্নবীকরণের প্রয়োজনীয়তা পূরণ করেন এবং তার CityFHEPS ভাড়া সহায়তার অর্থরাশি শূন্যের বেশি বলে গণনা করা হয়। সমাপনের পর একবছরের বেশি সময় পার হয়ে গেলে পরিবারটি এই উপ-অধ্যায়ের অধীনে কেবলমাত্র যুক্তিসঙ্গত কারণে তার CityFHEPS ফেরত পেতে পারে।

(ঘ) কমিশনার অর্থরাশির উপলভ্যতা সাপেক্ষে এই উপ-অধ্যায়ের অধীনে কার্যক্রমটিতে পরিবারটির অংশ নেওয়ার প্রতি বছরের শেষে সেই পরিবারের পুনর্নবীকরণের যোগ্যতা নির্ধারণ করবেন। বার্ষিক পুনর্নবীকরণের আগে কমিশনার ধারা 10-18 অনুসারে CityFHEPS ভাড়া সহায়তার অর্থরাশি পুনর্গণনা করবেন। 10-20 ধারাতে যেমন বলা আছে তেমন ছাড়া, পরিবারটির CityFHEPS ভাড়া সহায়তার অর্থরাশি কার্যক্রমের একবছরের পুনর্নবীকরণের সময়সীমায় পরিবারের গঠন ও আয় নির্বিশেষে বদলাবে না।

**§ 10-20 CityFHEPS ভাড়া সহায়তার প্রদেয় অর্থরাশি সমন্বিত করা, ভাড়া সহায়তার অর্থপ্রদান বন্ধ করার ও পুনর্নবীকরণের আগে কার্যক্রম সমাপ্ত করা।**

(ক) পরিবারটির অনুরোধে, পরিবারের ভিত্তি ক্লায়েন্ট অবদান কমে যাবে এমনভাবে পরিবারের আয় বদলে গেলে কমিশনার প্রযোজ্যতা অনুসারে ধারা 10-18 অনুসারে CityFHEPS ভাড়া সহায়তার প্রদেয় অর্থরাশি পুনর্গণনা করবেন।

(খ) পুনর্গণনার আগে পরিবারের PA আশ্রয় ভাতা যেক্ষেত্রে এমনভাবে বেড়ে যায় যে CityFHEPS ভাড়া সহায়তার অর্থরাশি এবং PA আশ্রয় ভাতার যোগফল পরিবারের ভাড়াকে ছাড়িয়ে যায়, HRA সেক্ষেত্রে CityFHEPS ভাড়া সহায়তার অর্থরাশি এমনভাবে কমিয়ে দেবে যাতে সেটি পরিবারের PA আশ্রয় ভাতা ও ভাড়ার বিয়োগফলের সমান হয়।

(গ) কমিশনার এই উপ-অধ্যায়ের অধীনে পরিবারের হয়ে CityFHEPS ভাড়া সহায়তার অর্থপ্রদান বন্ধ করে দেবেন যদি:

(1) পরিবারটি উপ-অধ্যায় খ ইউনিটটি ছেড়ে চলে যায়;

(2) ইউনিটটি একটি উপ-অধ্যায় খ ইউনিট হিসেবে তার মনোনয়ন হারায়; অথবা

(3) পরিবারটির CityFHEPS-এ অংশ নেওয়া সমাপ্ত করা হয় এবং পরিবারটি ধারা 10-13(e) অনুসারে সহায়তা পেতে না থাকে, যেমনটা ধারা 10-23 অনুসারে এই উপ-অধ্যায়ের অঙ্গীভূত করা হয়েছে।

(ঘ) কমিশনার পুনর্নবীকরণের আগে পরিবারটির CityFHEPS কার্যক্রমে অংশ নেওয়া সমাপ্ত করতে পারেন যদি কমিশনার নির্ধারণ করেন যে পরিবারটি যুক্তিসঙ্গত কারণ ছাড়াই ধারা 10-22-এ ঘোষিত প্রয়োজনীয়তাগুলি মেনে চলতে ব্যর্থ হয়েছে বা তা করতে অস্বীকার করেছে।

(ঙ) কমিশনার পুনর্নবীকরণের আগে পরিবারটির CityFHEPS কার্যক্রমে অংশ নেওয়া সমাপ্ত করবেন যদি পরিবারটির ভাড়া সহায়তার অর্থরাশি একবছরের বেশি সময় ধরে শূন্য হয়ে থাকে।

**§ 10-21 চলে যাওয়া ও CityFHEPS উপ-অধ্যায় ক-এ রেফারাল।**

যুক্তিসঙ্গত কারণে HRA একটি উপ-অধ্যায় খ ইউনিট থেকে অন্য একটিতে চলে যাওয়ার অথবা উপ-অধ্যায় ক ক্রয়পত্রের একটি রেফারাল এর অনুমোদন মঞ্জুর করতে পারে। এই ধারার উদ্দেশ্যে, যুক্তিসঙ্গত কারণের মধ্যে পড়ে যখন একটি উপ-অধ্যায় খ ইউনিট তার উপ-অধ্যায় খ ইউনিট হিসেবে মনোনয়ন হারিয়েছে বা হারাবে অথবা যখন পরিবারের আকার এমনভাবে কমে গেছে যার ফলে ভাড়া ও CityFHEPS ভাড়া সহায়তার অর্থরাশির তফাৎ পরিবারের মোট মাসিক স্থূল আয়ের 40 শতাংশের বেশি হয়ে গেছে।

**§ 10-22 পরিবারের প্রয়োজনীয়তাগুলি।**

(ক) পরিবারের যা যা করা আবশ্যক:

(1) আয় ও পরিবারের গঠন সম্পর্কে সঠিক, পূর্ণাঙ্গ ও বর্তমান তথ্য প্রদান করা;

(2) যোগ্যতা এবং CityFHEPS ভাড়া সহায়তার অর্থরাশি, সর্বাধিক মাসিক ভাড়া ও পরিবারের সদস্যদের যে কোনও অর্থপ্রদানের প্রয়োজনীয়তার তথ্য যাচাই করতে প্রয়োজনীয়তা অনুসারে সমর্থনকারী নথিপত্র দাখিল করা; এবং

(3) তার CityFHEPS ভাড়া সহায়তার অর্থরাশি সরাসরি বাড়িওয়ালাকে প্রদান করায় সম্মতি দেওয়া।

(খ) পরিবারটির বাড়িওয়ালাকে প্রতিমাসে CityFHEPS ভাড়া সহায়তার অর্থরাশি এবং পরিবারের ভাড়ার বিয়োগফল থেকে বাড়িওয়ালাকে প্রদত্ত কোনও PA আশ্রয় ভাতা ও কোনও তৃতীয়পক্ষের অবদান বিয়োগ দিয়ে পাওয়া রাশি প্রদান করা আবশ্যক।

(গ) পরিবারটির তার মোট মাসিক স্থূল আয় কমে যাওয়া বা তার পরিবারের আকার বদলে যাওয়া সম্পর্কে বাড়িওয়ালাকে শীঘ্র জানানো আবশ্যক। কোনও পরিবার একটি SRO-তে বাস করলে এবং পরিবারে 18 বছরের কমবয়সী ব্যক্তিকে যোগ করার পরিকল্পনা করলে তা বাড়িওয়ালাকে অবিলম্বে জানানো আবশ্যক, যাতে পরিবারটিকে ধারা 10-21 অনুসারে একটি উপযুক্ত ইউনিটে চলে যাওয়ার অনুমোদন চাওয়ার সুযোগ দেওয়া যায়।

(ঘ) পরিবারের কোনও সদস্যকে নিউ ইয়র্কের আইন, নিয়মাবলী ও বিধিসমূহের শিরোনাম 18 এর ধারা 452.9 এর অধীনে HRA আশ্রয়ের যোগ্য হিসেবে নির্ধারণ করা হলে পরিবারের সেই গার্হস্থ্য সহিংসতা অপরাধীকে অন্তর্ভুক্ত না করা আবশ্যক যার কারণে সেই নির্ধারণ ঘটেছে।

(ঙ) অন্যথায় পরিবারটির সিটির সঙ্গে CityFHEPS কার্যক্রম পরিচালনায় পুরোপুরি সহযোগিতা করা আবশ্যক ।

**§ 10-23 সংস্থার পর্যালোচনা বৈঠক ও DSS প্রশাসনিক আপিল প্রক্রিয়া।**

ধারা 10-13 এই উপ-অধ্যায়ে উল্লেখ হিসেবে নিবেশিত করা হয়েছে। এই উপ-অধ্যায়ের উদ্দেশ্যে, "CityFHEPS"-এ বা "CityFHEPS কার্যক্রমে" ধারা 10-13 এর কোনও উল্লেখ এই উপ-অধ্যায়ে বর্ণিত কার্যক্রমের উল্লেখ হিসেবে ধরা হবে। কোনও আবেদনকারী, আশ্রয়বাসী, কার্যক্রমের বর্তমান বা প্রাক্তন অংশগ্রহণকারী বা পরিবারের সদস্য ধারা 10-13 এর ঘোষণা অনুসারে এই উপ-অধ্যায় অনুসারে কোনও নির্ধারণ বা পদক্ষেপ চাওয়ার, তথা যুক্তিসঙ্গত দ্রুততায় এই উপ-অধ্যায়ের বিধিগুলি বাস্তবায়নে কোনও পদক্ষেপ গ্রহণ বা তাতে ব্যর্থতার জন্য সংস্থার পর্যালোচনা বৈঠকের এবং/অথবা DSS প্রশাসনিক শুনানির অনুরোধ জানাতে পারেন। যদিও, সংস্থার পর্যালোচনা বৈঠক ও প্রশাসনিক

আপিল প্রক্রিয়া HRA'র কোনও ইউনিটকে উপ-অধ্যায় থ ইউনিট হিসেবে মনোনয়নের অথবা উপ-অধ্যায় থ ইউনিট হিসেবে মনোনয়ন অপসারণের সিদ্ধান্তের বিরোধিতা করতে ব্যবহার করা যাবে না।

***§ 12.*** *সিটি অব নিউ ইয়র্কের নিয়মাবলীর শিরোনাম 68 এর অধ্যায় 11 এর ধারা 11-01 এর উপ-অধ্যায় (ট) অনুসারে নিম্নরূপভাবে সংশোধিত হয়েছে:*

(ট) "রাস্তার গৃহহীন" এর অর্থ এমন কোনও ব্যক্তি যিনি[: (1) রাস্তায় বা মানুষের বাসযোগ্য নয় এমন জায়গায় বসবাস করছেন এবং এগুলি পেয়েছেন] [অন্তত 90 দিন ধরে] কোনও DHS এর সঙ্গে চুক্তিবদ্ধ প্রচার প্রদানকারীর থেকে কেস ব্যবস্থাপনা পরিষেবা পাচ্ছেন [; (2) অন্তত 90 দিন ধরে কোনও DHS এর সঙ্গে চুক্তিবদ্ধ প্রচার প্রদানকারীর থেকে কোনও সশরীরে প্রবেশ করার কেন্দ্রে বা স্থানান্তর আবাসনের পরিবেশে কেস ব্যবস্থাপনা পরিষেবা পেয়েছেন; অথবা (3) কোনও DHS এর সঙ্গে চুক্তিবদ্ধ প্রদানকারীর থেকে কেস ব্যবস্থাপনা পরিষেবা পেয়েছেন, যখন তিনি রাস্তায় বা মানুষের বাসযোগ্য নয় এমন জায়গায় অথবা কোনও সশরীরে প্রবেশ করার কেন্দ্রে বা স্থানান্তর আবাসনের পরিবেশে বসবাস করছিলেন, যাকে স্থায়ী আবাসনে রাখা হয়েছে এবং বর্তমানে পরবর্তী পরিচর্যা পরিষেবা পাচ্ছেন।]

***§ 13.*** *সিটি অব নিউ ইয়র্কের নিয়মাবলীর শিরোনাম 68 এর অধ্যায় 11 এর ধারা 11-03 এর উপবিভাগ (ক) ও (খ) অনুসারে নিম্নরূপে সংশোধিত হয়েছে:*

(ক) পাথওয়ে হোম কার্যক্রমের যোগ্য হতে কোনও পরিবারের নিম্নলিখিত যোগ্যতার প্রয়োজনীয়তা পূরণ করা আবশ্যক:

(1) পরিবারের নিম্নলিখিত শর্তাবলীর একটি পূরণ করা আবশ্যক:

(ক) পরিবারটি একটি DHS আশ্রয়ে বসবাস করে এবং

(i) এই ধারার উপবিভাগ (খ) এর সংজ্ঞা অনুযায়ী আশ্রয়ে থাকার যোগ্যতা রয়েছে; অথবা

(ii) এই [অধ্যায়] শিরোনামের [ধারা] ধারা 10-04(c) অনুসারে একটি CityFHEPS ক্রয়পত্র রয়েছে;

(খ) পরিবারটি রাস্তার গৃহহীন; অথবা

(গ) পরিবারে DHS আশ্রয়ে উল্লেখযোগ্য সময় থাকা একজন ব্যক্তি রয়েছেন যাকে নিউ ইয়র্ক সিটির সংশোধন বিভাগ (New York City Department of Correction) এর হেফাজত থেকে মুক্তি দেওয়া

হয়েছে এবং কমিশনার নির্ধারণ করেছেন যে সেই ব্যক্তির আবার DHS আশ্রয়ে প্রবেশ এড়াতে পাথওয়ে হোম এর প্রয়োজন রয়েছে।

(2) পরিবারের মোট স্থূল আয় মার্কিন স্বাস্থ্য ও মানবিক পরিষেবা বিভাগ দ্বারা বার্ষিক ভিত্তিতে প্রতিষ্ঠিত যুক্তরাষ্ট্রীয় দারিদ্র্যসীমার 200 শতাংশের বেশি না হওয়া আবশ্যক।

(3) পরিবারটি বর্তমানে PA না পেলে পরিবারটির [নিউ ইয়র্কের আইন, নিয়মাবলী ও বিধিসমূহের] নিউ ইয়র্কের আইন, নিয়মাবলী ও বিধিসমূহের শিরোনাম 18 এর অংশ 352 এর অধীনে সেই উপলভ্য সহায়তার আবেদন করা আবশ্য যার জন্যে HRA পরিবারটিকে যোগ্য বলে নির্ধারণ করেছে।

(4) পরিবারের PA এর যোগ্য সমস্ত সদস্যের PA পাওয়া আবশ্যক।

(5) পরিবারটি বর্তমানে কোনও DHS পরিবারের আশ্রয়ে থাকলে সেই পরিবারের আশ্রয়ের যোগ্য হওয়া আবশ্যক, যেমনটা DHS এর দ্বারা নিউ ইয়র্কের আইন, নিয়মাবলী ও বিধিসমূহের শিরোনাম 18 এর অংশ 351 ও 352 অনুসারে নির্ধারণ করা হয়েছে।

(6) HRA এর পরিবারটির হয়ে এর আগে পাথওয়ে হোম এর অর্থপ্রদান না করা আবশ্যক।

(7) পরিবারের কোনও হোস্ট ফ্যামিলি খুঁজে নেওয়া আবশ্যক, যেখানে পরিবারের আত্মীয় বা বন্ধু রয়েছে যিনি নিউ ইয়র্ক সিটিতে থাকেন, যিনি পরিবারকে তার বাসস্থানে থাকতে দেওয়ার অনুমতি দিতে সম্মত হয়েছেন এবং পরিবারের হয়ে HRA এর থেকে মাসিক ভাড়া নেবেন বলে জানিয়েছেন, যে ভাড়ার রাশি [এই অধ্যায়ের] [ধারা] ধারা 11-04 এর সারণীতে উল্লেখ করা প্রযোজ্য রাশিগুলিকে ছাড়িয়ে যায় না।

(8) হোস্ট ফ্যামিলি এবং হোস্ট ফ্যামিলির বাসস্থানের [এই অধ্যায়ের] [ধারা] ধারা 11-07 এর প্রয়োজনীয়তাগুলি পূরণ করা আবশ্যক।

(খ) আশ্রয়ে থাকার যোগ্যতা পাওয়া ও সীমাবদ্ধতা।

(1) আশ্রয়ে থাকার যোগ্যতা পাওয়া। কোনও DHS পরিবারের আশ্রয়ে থাকা কোনও পরিবার ধারা 11-03(a)(1)(A)(i) এর উদ্দেশ্যে আশ্রয়ে থাকার যোগ্য হবে যদি সেই পরিবার কোনও HRA বা DHS আশ্রয়ে অনুমোদনের আগে দশটি ক্যালেন্ডার দিবসের ফাঁক বাদ দিয়ে অন্তত 90 দিন থেকে থাকে। একজন DHS একক প্রাপ্তবয়স্কের আশ্রয়ের বাসিন্দা ধারা 11-03(a)(1)(A)(i) এর উদ্দেশ্যে আশ্রয়ে থাকার যোগ্য হবে যদি সেই ব্যক্তি কোনও HRA বা DHS আশ্রয়ে অনুমোদনের আগের 365 দিনের মধ্যে 90 দিন কাটিয়ে থাকেন।

(2) আশ্রয়ে থাকার যোগ্যতার সীমাবদ্ধতা। কমিশনার কোনও তারিখ স্থির করতে পারেন যার মধ্যে যোগ্য আশ্রয়ে থাকা [ধারা 11-03(a)(1)(A)(i),] ধারা 11-03(b)(1) এর উদ্দেশ্যে এগুলির মূল্যায়ন হলেই আরম্ভ হওয়া আবশ্যক:

একটি আবাসনের বাজারের অবস্থা, আশ্রয় ব্যবহারের হার ও অর্থরাশির উপলভ্যতা, যখন কমিশনার নির্ধারণ করেন যে কার্যক্রমের কার্যকারিতা বজায় রাখতে শেষ তারিখ থাকা জরুরি। আবাসনের বাজারের অবস্থা, আশ্রয় ব্যবহারের হার ও অর্থরাশির উপলভ্যতার পরবর্তী পর্যালোচনা করার পর সেই শেষ তারিখ সরিয়ে দিতে পারেন।

***§ 14.*** *সিটি অব নিউ ইয়র্কের নিয়মাবলীর শিরোনাম 68 এর অধ্যায় 11 এর ধারা 11-07 এর উপবিভাগ (ট) অনুসারে সংশোধিত হয়েছে যা নিম্নরূপে পড়তে হবে:*

(ট) কোনও হোস্ট ফ্যামিলির বাসস্থানের একটি নিরাপত্তা ও বাসযোগ্যতার পরিদর্শন পাস করা আবশ্যক। তদতিরিক্ত:

(1) আঠেরো বছরের কম বয়সী কেউ পরিবারের অন্তর্ভুক্ত হলে হোস্ট ফ্যামিলির একটি ছাড়পত্র পাওয়া আবশ্যক যেখানে অন্ততপক্ষে একটি মূল্যায়ন করতে হবে যে [স্টেটওয়াইড সেন্ট্রাল রেজিস্টার অব চাইল্ড অ্যাবিউজ অ্যান্ড ম্যালট্রিটমেন্ট-এ পরিবারের কোনও সদস্যের বিষয়ে কোনও তথ্য আছে কিনা এবং] হোস্ট ফ্যামিলির কোনও সদস্যের <u>নিউ ইয়র্ক সিটিতে কোনও শিশু সুরক্ষার ইতিহাসের ইঙ্গিত রয়েছে কিনা অথবা</u> তিনি নিউ ইয়র্ক সংশোধন আইনের (New York Correction Law) ধারা 6-C অনুসারে যৌন নির্যাতনকারী হিসেবে রেজিস্টার্ড রয়েছেন কিনা।

(2) আঠেরো বছরের কম বয়সী কেউ হোস্ট ফ্যামিলির অন্তর্ভুক্ত হলে পরিবারটির একটি ছাড়পত্র পাওয়া আবশ্যক যেখানে অন্ততপক্ষে একটি মূল্যায়ন করতে হবে যে [স্টেটওয়াইড সেন্ট্রাল রেজিস্টার অব চাইল্ড অ্যাবিউজ অ্যান্ড ম্যালট্রিটমেন্ট-এ পরিবারের কোনও সদস্যের বিষয়ে কোনও তথ্য আছে কিনা এবং] পরিবারের কোনও সদস্যের <u>নিউ ইয়র্ক সিটিতে কোনও শিশু সুরক্ষার ইতিহাসের ইঙ্গিত রয়েছে কিনা অথবা</u> তিনি নিউ ইয়র্ক সংশোধন আইনের ধারা 6-C অনুসারে যৌন নির্যাতনকারী হিসেবে রেজিস্টার্ড রয়েছেন কিনা।

***§ 15.*** *একটি নতুন উপবিভাগ (ট) যোগ করে সিটি অব নিউ ইয়র্কের নিয়মাবলীর শিরোনাম 68 এর অধ্যায় 11 এর ধারা 11-07 সংশোধিত হয়েছে, যা নিম্নরূপে পড়তে হবে:*

<u>(ট) হোস্ট ফামিলিতে পরিবারের কোনও সদস্যের স্ত্রী/স্বামী বা গার্হস্থ্য সঙ্গী অথবা পরিবারের একুশ বছরের কম বয়সী কোনও সদস্যের পিতা/মাতা বা সৎ পিতা/মাতা অন্তর্ভুক্ত থাকলে চলবে না। যুক্তিসঙ্গত কারণে এই সীমাবদ্ধতার থেকে ছাড় দেওয়া হতে পারে।</u>

**NEW YORK CITY MAYOR'S OFFICE OF OPERATIONS**

**253 BROADWAY, 10th FLOOR**

**NEW YORK, NY 10007**

**212-788-1400**

**প্রত্যয়ন / বিশ্লেষণ**

**চার্টারের ধারা 1043(d) অনুসারে**

**নিয়মের শিরোনাম: জরুরী অবস্থার ভাড়া সহায়তা কার্যক্রমের (Emergency Rental Assistance Program) নিয়মাবলীর পরিবর্তন**

**রেফারেন্স নম্বর: HRA-30**

**নিয়ম প্রণয়নকারী সংস্থা: মানবসম্পদ প্রশাসন**

আমি প্রত্যয়ন করছি যে, এই দপ্তর নিউ ইয়র্ক সিটি চার্টারের ধারা 1043(d) এর প্রয়োজনীয়তা অনুসারে উপরে উল্লেখ করা প্রস্তাবিত নিয়ম বিশ্লেষণ করেছে এবং এই যে উপরে উল্লেখ করা প্রস্তাবিত নিয়ম:

(i) বোধগম্য এবং স্বতন্ত্র নিয়ন্ত্রিত কমিউনিটি বা কমিউনিটিগুলির জন্য সরল ভাষায় লিখিত;

(ii) নিয়মের উদ্দেশ্য অর্জনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ স্বতন্ত্র নিয়ন্ত্রিত কমিউনিটি বা কমিউনিটিগুলির প্রতিপালনের খরচ সবচেয়ে কম করে; এবং

(iii) কোনও প্রতিকারের সময়কাল প্রদান করে না, কারণ এটি কোনও লঙ্ঘন, লঙ্ঘনের পরিবর্তন বা লঙ্ঘনের সঙ্গে সংশ্লিষ্ট জরিমানার পরিবর্তন প্রতিষ্ঠা করে না।

*/s/ Francisco X. Navarro* — *28 জুলাই, 2021*

মেয়রের অফিস অব অপারেশন্স (Mayor's Office of Operations) — তারিখ

**NEW YORK CITY LAW DEPARTMENT**

**DIVISION OF LEGAL COUNSEL**

**100 CHURCH STREET**

**NEW YORK, NY 10007**

**212-356-4028**

**এই অনুসারে প্রত্যয়ন**

**চার্টার §1043(d)**

**নিয়মের শিরোনাম:** জরুরী অবস্থার ভাড়া সহায়তা কার্যক্রমের (Emergency Rental Assistance Program) নিয়মাবলী

**রেফারেন্স নম্বর:** 2021 RG 024

**নিয়ম প্রণয়নকারী সংস্থা:** মানবসম্পদ প্রশাসন

আমি প্রত্যয়ন করছি যে, এই দপ্তর নিউ ইয়র্ক সিটি চার্টারের ধারা 1043(d) এর প্রয়োজনীয়তা অনুসারে উপরে উল্লেখ করা প্রস্তাবিত নিয়ম বিশ্লেষণ করেছে এবং এই যে উপরে উল্লেখ করা প্রস্তাবিত নিয়ম:

(i) আইনের প্রবিধান অনুমোদনের উদ্দেশ্য সাধনে এর খসড়া করা হয়েছে;

(ii) এর সঙ্গে অন্য কোনও প্রযোজ্য নিয়মের বিরোধ নেই;

(iii) যতদূর সম্ভব বাস্তবসম্মত ও উপযুক্তভাবে একান্তভাবে বিবৃত উদ্দেশ্য অর্জনের নিমিত্তে প্রণীত; এবং

(iv) যতদূর সম্ভব বাস্তবসম্মত ও উপযুক্তভাবে ভিত্তি ও উদ্দেশ্য সম্পর্কিত বিবৃতি সম্বলিত যা বিধি ও বিধি দ্বারা আরোপিত চাহিদার সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান করে।

/s/ STEVEN GOULDEN তারিখ: 27শে জুলাই, 2021

কর্পোরেশনের ভারপ্রাপ্ত কৌঁসুলি